আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

হে আমাদের পালনকর্তা! আমরা সে বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করেছি যা তুমি নাযিল করেছ, আমরা রসূলের অনুগত হয়েছি। অতএব, আমাদিগকে মান্যকারীদের তালিকাভুক্ত করে নাও।

সূরা আল ইমরান ৫৩

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ১২ জুলাই ২০২৬ ॥ ২৭ মহররম ১৪৪৮ ॥ ২৭ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৪১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট
স্থায়িত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

ইন্টার্নদের হাত ধরেই চিকিৎসায় বিদেশমুখিতা বন্ধ হবে: তারেক রহমান

কীর্তনখোলা ডেস্ক

আজকের শিক্ষার্থী-ইন্টার্নদের হাত ধরেই চিকিৎসার জন্য বিদেশমুখিতা বন্ধ হবে এমন প্রত্যাশা ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

সীমান্তে ভারত সুড়সুড়ি দিচ্ছে: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

সীমান্তের প্রসঙ্গ টেনে জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন ২ এর পাতায় দেখুন

বিএনপি অতীতেও জনগণের দাবির সঙ্গে প্রতারণা করেছে: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, বিএনপি অতীতে সব গণঅভ্যুত্থান ২ এর পাতায় দেখুন

আজ দুপুর ১২টায় প্রকাশ হচ্ছে প্রাথমিক বৃত্তির ফল

কীর্তনখোলা ডেস্ক

কয়েক দফা পিছিয়ে অবশেষে আজ রোববার (১২ জুলাই) দুপুর ১২টায় ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর প্রথম বরিশাল সফর ঘিরে উচ্ছ্বসিত নেতাকর্মীরা

কীর্তনখোলা রিপোর্ট

প্রধানমন্ত্রী হিসেবে বিএনপির চেয়ারপারসন তারেক রহমান প্রথমবারের মতো বরিশাল সফরে আসছেন। তার এ সফরকে ঘিরে বরিশালসহ দক্ষিণাঞ্চলের বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। আগামী সোমবার (১৩ জুলাই) বরিশাল যাবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তারই এই সফরকে সফল করতে প্রশাসন ও বিএনপিসহ অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীদের মধ্যে ব্যাপক প্রস্তুতি শুরু হয়েছে। প্রশাসনিক, সাংগঠনিক ও নিরাপত্তা ব্যবস্থার পাশাপাশি অনুষ্ঠানস্থল প্রস্তুতিসহ বিভিন্ন কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। প্রধানমন্ত্রীর সফর উপলক্ষে ইতোমধ্যে বিভাগীয় ও জেলা প্রশাসনের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। অন্যদিকে আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা কর্মসূচি স্থলে কঠোর নিরাপত্তা বলয় গড়ে তুলেছেন। বিএনপি, যুবদল, ছাত্রদলসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা প্রতিদিন নগরীতে আনন্দ মিছিল করছেন। এছাড়া বরিশাল নগরীর কীর্তনখোলা নদীর তীরবর্তী প্রধানমন্ত্রীর নির্ধারিত বৃক্ষরোপণ কর্মসূচির স্থান পরিদর্শন করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এবং বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) প্রশাসক ও বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। এসময় জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান, বিএনপির সহ- ২ এর পাতায় দেখুন

অপরাধীরা শাস্তি পাবে, নিরপরাধ কেউ হয়রানির শিকার হবেন না

—তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন

ইদ্রিস খান, আগৈলঝাড়া

বরিশালের আগৈলঝাড়ায় আসামির মৃত্যুর গুজবকে কেন্দ্র করে থানায় হামলা, ভাঙচুর ও পুলিশ সদস্যদের ওপর হামলার ঘটনায় ক্ষতিগ্রস্ত আগৈলঝাড়া থানা পরিদর্শন করেছেন বরিশাল-১ আসনের সংসদ সদস্য ও তথ্য ও সম্প্রচারমন্ত্রী এম জহির উদ্দিন স্বপন। তিনি আহত পুলিশ সদস্যদের খোঁজখবর নেওয়ার পাশাপাশি ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। একই সঙ্গে তিনি বলেন, অপরাধীরা শাস্তি পাবে, তবে নিরপরাধ কেউ যেন হয়রানির শিকার না হন, সে বিষয়টিও নিশ্চিত করতে হবে। শনিবার (১১ জুলাই) দুপুরে আগৈলঝাড়া থানায় পৌঁছে হামলায় ভাঙচুর হওয়া বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন তথ্যমন্ত্রী। পরে আহত পুলিশ সদস্যদের সঙ্গে কথা বলে তাদের চিকিৎসা ও সার্বিক পরিস্থিতির খোঁজখবর নেন। থানা পরিদর্শন শেষে তিনি আগৈলঝাড়া প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন।

এ সময় সাংবাদিকরা থানায় হামলার ঘটনায় দায়ের করা মামলায় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও বাংলা টিভির ২ এর পাতায় দেখুন

নামাজে যাওয়ার পথে ইজিবাইকের চাপায় শিক্ষক নিহত

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে ইজিবাইকের চাপায় মো. মুসা (৫০) নামে এক শিক্ষক নিহত হয়েছেন। শুক্রবার (১০ জুলাই) রাত সাড়ে ৮টায় উপজেলার সূর্যমনি ইউনিয়নের নুরাইনপুর বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মুসা সূর্যমনি ইউনিয়নের নুরাইনপুর গ্রামের বাসিন্দা ইউনুস মিয়ার ছেলে। তিনি উপজেলার নুরাইনপুর অগ্রণী বিদ্যাপীঠ মাধ্যমিক বিদ্যালয়ের গণিত বিষয়ের শিক্ষক ছিলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, এশার নামাজের উদ্দেশ্যে মসজিদে যাচ্ছিলেন ওই শিক্ষক। কালিশুরি-বাউফল সড়ক পারাপারের সময় একটি দ্রুতগতির ইজিবাইক তাকে চাপা দিয়ে চলে যায়। পরে স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে ভর্তি করেন। এসময় কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক নাঈম ২ এর পাতায় দেখুন

১১ দলীয় ঐক্যের বরিশাল বিভাগীয় সমাবেশকে জনসমুদ্রে পরিণত করুন

—অ্যাড. মুয়াযযম হোসাইন হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদূর্ভোগ নিরসন এবং দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের দাবীতে আগামী ১৮ জুলাই বরিশালের হেমায়েত উদ্দিন কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে অনুষ্ঠিতব্য ১১ দলীয় ঐক্যের বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরী ও জেলার দায়িত্বশীলদের প্রস্তুতি সভা শুক্রবার (১০ জুলাই) রাতে নগর জামায়াতের কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভায় সমাবেশকে সর্বাত্মক সফল করতে ব্যাপক সাংগঠনিক প্রস্তুতি, জনসম্পৃক্ততা বৃদ্ধি, প্রচার কার্যক্রম জোরদার এবং বিভিন্ন পর্যায়ের দায়িত্ব বণ্টন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় এসিস্ট্যান্ট সেক্রেটারি জেনারেল ও বরিশাল অঞ্চল পরিচালক অ্যাড. মুয়াযযম হোসাইন হেলালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ ২ এর পাতায় দেখুন

শেখ মুজিব স্বাধীনতার ঘোষণা কেন দেননি জানালেন স্পিকার

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ও বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, ১৯৭১ সালে পাকিস্তান ভাঙা বা বিচ্ছিন্নতাবাদী হওয়ার কোনো ইচ্ছা শেখ মুজিবুর রহমানের ছিল না। তাই ২৫ মার্চ রাতে পাকিস্তানি বাহিনীর ক্র্যাকডাউন (অপারেশন সার্চলাইট) শুরুর আগে তাজউদ্দিন আহমেদের অনুরোধ সত্ত্বেও স্বাধীনতার ঘোষণা দেননি তিনি। শনিবার (১১ জুলাই) রিটায়ার্ড আর্মড ফোর্সেস অফিসার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (রাওয়া) আয়োজিত 'দি ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ইতিহাস, ঐতিহ্য এবং বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। স্পিকার বলেন, তাজউদ্দিন সাহেব শেখ মুজিবুর রহমানের কাছে গিয়ে বলেছিলেন, পাকিস্তানিরা আক্রমণ করতে যাচ্ছে, মানুষ স্বাধীনতা চায়। কিন্তু শেখ সাহেব তখন ২ এর পাতায় দেখুন

আগস্ট-সেপ্টেম্বরে ভয়াবহ হতে পারে ডেঙ্গু, উচ্চ ঝুঁকিতে বরিশাল

কীর্তনখোলা রিপোর্ট

কয়েক দিনের টানা বৃষ্টিতে দেশের বিভিন্ন স্থানে পানি জমে থাকায় ব্যাপকহারে এডিস মশার বংশবিস্তারের শঙ্কা দেখা দিয়েছে। বিশেষজ্ঞদের মতে, এ মৌসুমে ডেঙ্গুর সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল বিভাগ। অধিকাংশ জেলায় এডিস মশার লার্ভার ঘনত্ব বেশি থাকায় আগস্ট-সেপ্টেম্বরে পরিস্থিতি ভয়াবহ রূপ নিতে পারে। দেশে শুরু হয়েছে ডেঙ্গু মৌসুম। এরই মধ্যে টানা বৃষ্টিতে জনস্বাস্থ্য নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। বিভিন্ন জায়গায় জমে থাকা পানি এডিস মশার ২ এর পাতায় দেখুন

বরিশালের স্বাস্থ্য বিভাগীয় পরিচালকের উপর মব সৃষ্টির প্রতিবাদের মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের নবনিযুক্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডা. এস এম মনিরুজ্জামান শাহিনের বিরুদ্ধে মিথ্যা অপপ্রচার ও মব সৃষ্টির অপচেষ্টার অভিযোগে মানববন্ধন হয়েছে। বরিশালের সচেতন নাগরিক সমাজের ব্যানারে শনিবার (১১ জুলাই) এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তারা বলেন, ডা. মনিরুজ্জামান শাহিনের পেশাগত দক্ষতা, সততা এবং করোনাকালীন দুর্যোগে তার বীরত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করে এই অপপ্রচারের তীব্র নিন্দা জানান। মানববন্ধনে বক্তারা বলেন, ডা. এস এম মনিরুজ্জামান ২ এর পাতায় দেখুন

সবুজ বাংলাদেশ গড়তে বৃক্ষরোপণের বিকল্প নেই: তথ্যমন্ত্রী

এস এম নয়ন, গৌরনদী

বরিশালের গৌরনদী উপজেলার নলচিড়া মাধ্যমিক বিদ্যালয়ের নবনির্মিত সম্প্রসারিত ভবনের উদ্বোধন করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনের সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপন। উদ্বোধন শেষে তিনি বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন এবং শিক্ষার্থীদের পরিবেশ সংরক্ষণে সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানান। শনিবার (১১ জুলাই) সকাল ১১টায় নলচিড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মন্ত্রী সম্প্রসারিত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। পরে বিদ্যালয় চত্বরে বিভিন্ন ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

চাকরির প্রলোভনে কম্বোডিয়া

সংবাদ প্রকাশের পর নতুন মোড়, দেশে ফিরেছেন সৌরভ ॥ আত্মগোপনে আরিফ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আগৈলঝাড়া উপজেলার দুই যুবককে উচ্চ বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে কম্বোডিয়ায় নিয়ে গিয়ে জিম্মি করে রাখা, বেতন বঞ্চিত করা এবং বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ডে বাধ্য করার অভিযোগে গত ৮ জুন ২০২৬ বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর ঘটনাটিতে নতুন মোড় এসেছে। ভুক্তভোগীদের দাবি, সংবাদ প্রকাশের পর তাদের জব্দ করে রাখা পাসপোর্ট ফেরত দেওয়া হয়। একপর্যায়ে তারা ওই জিম্মিদশা থেকে অন্যত্র চলে যেতে সক্ষম হন। পরে পরিবারের পাঠানো বিমান ভাড়ার টাকায় দেশে ফিরেছেন ভুক্তভোগী সৌরভ মোল্লা। তবে আরিফ হোসেন এখনো কম্বোডিয়ায় অবস্থান করছেন। তিনি বর্তমানে আত্মগোপনে থেকে টুকটাক কাজ করে জীবিকা নির্বাহ করছেন বলে জানিয়েছেন। বৈধ কাগজপত্র না থাকায় প্রতিনিয়ত গ্রেপ্তার আতঙ্কের মধ্যেই ২ এর পাতায় দেখুন

লাগাতর প্রবল বর্ষণে দক্ষিণাঞ্চলে ফসলের ব্যাপক ক্ষতির আশঙ্কা

কীর্তনখোলা রিপোর্ট

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপে ভর করে গত কয়েকদিনের লাগাতার প্রবল বর্ষণে বরিশাল কৃষি অঞ্চলের উঠতি আউশ ধান ছাড়াও আমন বীজতলা, গ্রীষ্মকালীন শাকসবজি, পান ও মরিচসহ বিভিন্ন ফসলের ব্যাপক ক্ষতির আশঙ্কা তৈরি হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতে মাঠে বিদ্যমান দেড় লক্ষাধিক হেক্টর ফসলের মধ্যে প্রায় ৫০ হাজার হেক্টরের ফসল অতি বর্ষণের কবলে আক্রান্ত হয়েছে। ক্ষয়ক্ষতির পূর্ণ বিবরণ পেতে আরও অন্তত ৩ দিন সময় লাগবে। সর্বাধিক ক্ষতির শিকার হয়েছে উঠতি আউশসহ আমন বীজতলা। মাঠে থাকা ১ লাখ ১১ হাজার হেক্টরের আউশ ধানের প্রায় ৩৫ ভাগ ফসলই প্রবল বর্ষণজনিত প্লাবনের শিকার হয়েছে। এছাড়া প্রায় ২২ হাজার হেক্টরের গ্রীষ্মকালীন শাকসবজির প্রায় ৫ হাজার হেক্টর এবং ১২ হাজার হেক্টর আমন বীজতলারও প্রায় ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, 'কাজ হয়ে যাবে'; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

আজ দুপুর ১২টায়

প্রকাশ করা হবে। ফল প্রকাশ উপলক্ষ্যে ওই দিন দুপুর ১২টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কনফারেন্স রুমে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ শাখা থেকে শনিবার (১১ জুলাই) এ তথ্য জানিয়ে গণমাধ্যমকে অনুষ্ঠানে উপস্থিত থেকে সংবাদ সংগ্রহের আমন্ত্রণ জানানো হয়েছে। এর আগে গত বৃহস্পতিবার ফল প্রকাশের কথা থাকলেও চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়া শেষ না হওয়ায় তা স্থগিত করা হয়। ফল প্রকাশের পর শিক্ষার্থীরা অনলাইনে, নিজ নিজ মোবাইলে এসএমএসের মাধ্যমে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্ধারিতি ওয়েবসাইটে ফল জানতে পারবে।

বিএনপি অতীতেও জনগণের

থেকে সুবিধাভোগী হয়েছে। কিন্তু ক্ষমতায় এসেই জনগণের দাবির সঙ্গে প্রতারণা করেছে। বিএনপির ইতিহাস প্রতারণার ইতিহাস। শনিবার (১১ জুলাই) বিকেলে রংপুর জিলা স্কুল মাঠে ১১ দলীয় জোট আয়োজিত বিভাগীয় সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, ৯০-এর গণঅভ্যুত্থানের পরে সবার দাবি ছিল তত্ত্বাবধায়ক সরকার। সেই তত্ত্বাবধায়ক সরকারের মাধ্যমেই বিএনপি ক্ষমতায় এসেছিল এবং এসেই তত্ত্বাবধায়ক সরকারকে অস্বীকার করেছিল। যার ফলাফল কী হয়েছিল? বিগত ১৬ বছর বিএনপিকে এ তত্ত্বাবধায়ক সরকারের দাবিতেই রাজপথে ধুঁকে ধুঁকে নির্যাতিত হতে হয়েছিল। তিনি বলেন, আজ গণভোট, সংস্কার এবং জুলাই সনদের কারণে বিএনপি ক্ষমতায় আসতে পেরেছে, অথচ এখন তারা সেই গণভোটের রায়, ৩১ দফা, জুলাই সনদ এবং গণতন্ত্রের সঙ্গেই প্রতারণা করছে। নাহিদ ইসলাম বলেন, দেশে বিদ্যুৎ সংকট তীব্র হয়েছে, মানুষ আবার হারিকেন জ্বালাতে বাধ্য হচ্ছে। সরকার বিদ্যুৎ দিতে পারছে না, কর্মসংস্থান সৃষ্টি করতে পারছে না এবং অর্থনৈতিক সংস্কারের কোনো সুস্পষ্ট রূপরেখাও দিতে পারেনি। বিরোধীদলীয় চিফ হুইপ বলেন, সরকার দেশ চালাতে অলরেডি ব্যর্থ হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি মোকাবিলায় ব্যর্থ হয়েছে। কর্মসংস্থান সৃষ্টি, সংস্কার করতে ব্যর্থ হয়েছে। যদি দেশ পরিচালনা সঠিকভাবে করতে হয়, অবিলম্বে গণভোটের রায় বাস্তবায়ন করতে হবে। অবিলম্বে অর্থনৈতিক সংস্কার করতে হবে। তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। এদেশের তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করতে হবে। সীমান্ত হত্যা ও পুশ-ইন নিয়ে নাহিদ ইসলাম বলেন, যদি সীমান্ত হত্যা ও পুশ-ইন প্রতিরোধ করতে না পারেন, তাহলে নিজেদের দল থেকে ?'জাতীয়তাবাদী' শব্দটি কেটে ফেলে দেন। জাতীয়তাবাদের নামে ব্যবসা করবেন, নিজেদের দেশপ্রেমিক দেখাবেন অথচ সীমান্ত হত্যা ও পুশ-ইন রোধ করতে পারবেন না। গণভোটের রায় বাস্তবায়নে রাজপথে থাকার কথা জানিয়ে নাহিদ ইসলাম বলেন, সংসদ এবং সংসদের বাইরে ঝড়-বৃষ্টি ও যত প্রতিকূলতা থাকুক, গণভোটের রায় এবং সংস্কার বাস্তবায়নের জন্য আমরা রাজপথে থাকবো। আবু সাঈদই আমাদের দায়িত্ব দিয়ে দিয়েছেন। শেখ হাসিনার দেশে ফেরা নিয়ে তিনি বলেন, আমরা শুনতে পেলাম এক সাক্ষাৎকারে যে ডিসেম্বরে কেউ একজন দেশে আসার পরিকল্পনা করছে। আমরা ফাঁসির দড়ি রেডি করে অপেক্ষা করছি। আপনি ডিসেম্বরে আসুন আর যখনই আসুন, ফাঁসির দড়িতে তাকে ঝুলতেই হবে। তিনি বলেন, আমাদের ব্যারিস্টার ফুয়াদ ভালো বলতে পারবেন, বাংলার ৮০০ বছরের ইতিহাসে লক্ষ্মণ সেনের পরে তিনি প্রথম শাসক, দ্বিতীয় শাসক, যিনি বাংলাদেশ থেকে কাপুরুষোচিতভাবে পালাতে বাধ্য হয়েছেন। বাংলাদেশ থেকে যে পালিয়ে যায়, সে আর বাংলাদেশে কখনো ফেরত আসে না। দুপুর ২টায় শুরু হওয়া এ সমাবেশে স্থানীয় সংসদ সদস্যসহ ১১ দলের বিভিন্ন স্তরের নেতারা বক্তব্য দেন।

সীমান্তে ভারত সুড়সুড়ি

সীমান্তে সুড়সুড়ি দিচ্ছে প্রতিবেশী ভারত। সরকার মুখে কুলুপ এঁটে বসে আছে। আমরা প্রতিবাদ করছি, জনগণ প্রতিবাদ করছে। শুধু প্রতিবাদ করছে না সরকার। তিনি বলেন, প্রতিরোধ করার জন্য বিজিবির সৈনিকদের সঙ্গে সমানতালে জনগণ লড়াই করে যাচ্ছে। আমরা এই সংগ্রামী বীরদের অভিনন্দন জানাই। শনিবার (১১ জুলাই) বিকেলে রংপুর জিলা স্কুল মাঠে ১১ দলীয় জোট আয়োজিত বিভাগীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জামায়াত আমির। সীমান্ত ইস্যুতে সরকারের সমালোচনা করে ডা. শফিকুর রহমান আরও বলেন, 'সরকারের মুখ থেকে এ ব্যাপারে এখন পর্যন্ত একটা শব্দও আসেনি। কার ভয়ে? কাকে খুশি করার জন্য? কোন দেশের শাসক আপনারা? বাংলাদেশের জনগণের নাড়ির পালস বোঝার চেষ্টা করুন। জনগণের অভিপ্রায় আকাঙ্ক্ষার বিরুদ্ধে মেহেরবানি করে অবস্থান নেবেন না। নিলে কী হয়, সম্প্রতি ইতিহাস থেকে সবারই সবক গ্রহণ করা উচিত।' গণভোটের গণরায় বাস্তবায়নের মাধ্যমে ফ্যাসিবাদের কবর দেওয়া হবে বলেও মন্তব্য করেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, 'আমরা নতুন বাংলাদেশ গড়ার জন্যে, সংস্কারের উদ্দেশ্যে গণভোট চেয়েছি। বাংলাদেশের একটা জায়গায় দাঁড়িয়ে বর্তমান প্রধানমন্ত্রী বলেছিলেন ভোট দেবেন দুটো, একটি আমার দলকে, আরেকটি গণভোটে 'হ্যাঁ'। তিনি প্রথমটা রক্ষা করেছেন, দ্বিতীয়টা রক্ষা করেননি।' শফিকুর রহমান বলেন, 'আমাদেরকে বিভিন্নভাবে এই গণভোট বাস্তবায়নের দাবি থেকে সরিয়ে নেওয়ার জন্য অনেক কথা বলা হচ্ছে। পরিষ্কার কথা আমরা জাতির সঙ্গে বেইমানি করতে পারবো না। জাতিকে আমরা কথা দিয়েছি, লড়াই আমরা করে যাবো। গণভোট বাস্তবায়নে বাধ্য করবো ইনশাআল্লাহ। এক চুল পরিমাণও আমরা সরবো না। এই আবু সাঈদের রক্তে ভেজা রংপুরে আরেকবার এই অঙ্গীকার ব্যক্ত করে গেলাম।'

ইন্টার্নদের হাত ধরেই

তারেক রহমান। তিনি বলেন, সরকার স্বাস্থ্যখাতে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে এবং চিকিৎসাসেবার মানোন্নয়ন, জনবল বৃদ্ধি ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দেশের মানুষের জন্য আধুনিক স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিত করতে কাজ করছে। শনিবার (১১ জুলাই) ঢাকা মেডিকেল কলেজের ৮১ প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমানের এসব কথা বলেন। চিকিৎসক, শিক্ষক, শিক্ষার্থী, নার্স ও স্বাস্থ্যকর্মীদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, "আপনারা প্রতিদিনই মানুষের অনেক আনন্দ-বেদনার সাক্ষী। যারা চিকিৎসা পেশায় নিয়োজিত কিংবা চিকিৎসক হওয়ার জন্য অধ্যয়নরত, প্রতিটি মানুষের মনোজগতে আপনাদের অবস্থান তাদের সুস্থ জীবনের রক্ষক হিসেবে বিবেচিত।" প্রধানমন্ত্রী বলেন, "এ উপলব্ধি থেকেই সম্প্রতি উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাদের একটি অনুষ্ঠানে আমি বলেছিলাম, চিকিৎসকগণই সত্যিকার অর্থে মানুষের বিপদের বন্ধু। চিকিৎসকগণই রোগে-শোকে কাতর মানুষটির পরম বন্ধু হয়ে ওঠেন। একজন চিকিৎসকের উপদেশ ও আন্তরিক ব্যবহারও একজন রোগীর কাছে ওষুধের মতো কার্যকরী হয়ে ওঠে। সুতরাং একজন চিকিৎসকের জন্য পেশাগত উৎকর্ষতার পাশাপাশি মানবিক মানুষ হয়ে ওঠাও জরুরি।" হাসপাতালের নিরাপত্তা জোরদারের কথা তুলে ধরে তিনি বলেন, চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হচ্ছে। এর অংশ হিসেবে হাসপাতালগুলোতে ১০ জন করে আনসার সদস্য মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান, রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে আরও পাঁচ হাজার এমবিবিএস চিকিৎসক নিয়োগের কার্যক্রম শুরু হয়েছে। পাশাপাশি চিকিৎসক, নার্স, মেডিকেল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট, মিডওয়াইফ ও অন্যান্য স্বাস্থ্য পেশাজীবীর শূন্যপদ দ্রুত পূরণের উদ্যোগ নেওয়া হচ্ছে।

সংবাদ প্রকাশের পর নতুন মোড়, দেশে

দিন কাটছে বলেও দাবি করেন তিনি। এর আগে প্রকাশিত সংবাদে অভিযোগ করা হয়, আগৈলঝাড়া উপজেলার গৈলা ইউনিয়নের বাসিন্দা মো. কামাল হোসেন বেপারী ও তার ছেলে ছিয়াম হোসেনের বিরুদ্ধে বিদেশে উচ্চ বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে বিপুল অর্থ হাতিয়ে নেওয়া, কম্বোডিয়ায় নিয়ে শারীরিক ও মানসিক নির্যাতন, বেতন বঞ্চনা এবং বিভিন্ন অবৈধ কর্মকাণ্ডে বাধ্য করার অভিযোগ রয়েছে। দেশে ফিরে সৌরভ মোল্লা বলেন, "আমাকে বিদেশে পাঠানোর বিষয়ে যখন কথাবার্তা হয়, তখন কামাল হোসেন কম্বোডিয়ায় অবস্থান করছিলেন। সেখান থেকেই তিনি আমাকে নেওয়ার সব ব্যবস্থা করেন। আর বাংলাদেশে তার স্ত্রী সোহেলী বেগম ও ছেলে ছিয়াম হোসেন আমাদের কাছ থেকে বিভিন্ন ধাপে টাকা বুঝে নেন। এসব লেনদেনের স্থানীয় সাক্ষীও রয়েছে।" তিনি আরও বলেন, "সংবাদ প্রকাশের পর আমাদের পাসপোর্ট ফেরত দেওয়া হয়। এরপর আমরা সেখান থেকে অন্যত্র চলে যাই। কিন্তু আমাদের কোনো বৈধ চাকরির ব্যবস্থা করা হয়নি। দীর্ঘদিন কর্মহীন অবস্থায় থাকতে হয়েছে। একপর্যায়ে আমার বাবা বাংলাদেশ থেকে বিমান ভাড়ার টাকা পাঠানোর পর আমি দেশে ফিরতে সক্ষম হই। কম্বোডিয়ায় অবস্থানকালে আমাদের ওপর অমানবিক শারীরিক ও মানসিক নির্যাতন চালানো হয়েছে। প্রতিশ্রুত চাকরির পরিবর্তে বিভিন্ন অনৈতিক ও অবৈধ কর্মকাণ্ডে জড়ানোর জন্য চাপ দেওয়া হতো। আমি কোনোভাবে দেশে ফিরলেও আরিফ এখনো সেখানে রয়েছে। তার জীবননাশের আশঙ্কা রয়েছে। প্রশাসনের কাছে আমার দাবি, যারা আমাদের সঙ্গে প্রতারণা করেছে তাদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হোক, আমাদের কাছ থেকে হাতিয়ে নেওয়া অর্থ ফেরত দেওয়ার ব্যবস্থা করা হোক এবং আরিফকে দ্রুত নিরাপদে দেশে ফিরিয়ে আনা হোক।" কম্বোডিয়া থেকে মুঠোফোনে আরিফ হোসেন বলেন, "সংবাদ প্রকাশের পর আমার পাসপোর্ট ফেরত দেওয়া হলেও আমি এখনো কম্বোডিয়ায় আটকে আছি। বর্তমানে আত্মগোপনে থেকে টুকটাক কিছু কাজ করে জীবিকা নির্বাহ করছি। বৈধ কাগজপত্র না থাকায় সবসময় গ্রেপ্তারের আতঙ্কে থাকতে হয়। নিজের নিরাপত্তা নিয়েও প্রতিনিয়ত শঙ্কায় রয়েছি। আমি জেলা প্রশাসকের কাছে লিখিত অভিযোগ দিয়েছি। জেলা প্রশাসকের কার্যালয় থেকে বিষয়টি তদন্তের জন্য আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানতে পেরেছি। কিছু দিন পূর্বে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক এর নিকট আমার মা গিয়েছিলেন, তখন তাকে জানানো হয়েছে, বিষয়টি তদন্তের দায়িত্ব উপজেলা সহকারী কমিশনার (ভূমি)-কে দেওয়া হয়েছে। আমি চাই প্রশাসন দ্রুত তদন্ত শেষ করে আমাকে নিরাপদে দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করুক এবং এই প্রতারণার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করুক।" সৌরভের বাবা মো. জাহাঙ্গীর মোল্লা বলেন, "ধার-দেনা করে, এমনকি জমিজমা বিক্রি করে ছেলেকে বিদেশ পাঠিয়েছিলাম। ভাগ্য পরিবর্তনের স্বপ্ন ছিল। কিন্তু প্রতারণার শিকার হয়ে আমরা নিঃস্ব হয়ে গেছি। আমার ছেলে দেশে ফিরেছে ঠিকই, কিন্তু আমাদের আর্থিক ক্ষতি কে পূরণ করবে? আমরা প্রশাসনের কাছে বিচার চাই। প্রতারকদের দৃষ্টান্তমূলক শাস্তি, ক্ষতিপূরণ এবং এখনো কম্বোডিয়ায় অবস্থানরত আরিফকে দ্রুত দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক।" আগৈলঝাড়া বাজারের বিশিষ্ট ব্যবসায়ী ও সৌরভের চাচাতো ভাই মো. আতিক মোল্লা বলেন, "বিদেশে চাকরির নামে এ ধরনের প্রতারণা অত্যন্ত উদ্বেগজনক। যদি অভিযোগগুলো সত্য প্রমাণিত হয়, তাহলে এটি শুধু দুটি পরিবারের ক্ষতির বিষয় নয়, বরং দেশের জন্যও একটি বড় সতর্কবার্তা। প্রশাসনের উচিত বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করে প্রকৃত দোষীদের আইনের আওতায় আনা এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর ন্যায়বিচার নিশ্চিত করা।" এ ঘটনায় আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, আগৈলঝাড়া থানা, বরিশাল জেলা প্রশাসকের কার্যালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে লিখিত অভিযোগ দাখিল করা হয়েছে বলে ভুক্তভোগীরা জানিয়েছেন। এ বিষয়ে আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় সুত্রে জানা যায়, "ভুক্তভোগীদের অভিযোগের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয় থেকে বিষয়টি তদন্তের নির্দেশনা এসেছে। বিষয়টি তদন্তের জন্য উপজেলা সহকারী কমিশনার (ভূমি)-কে দায়িত্ব দেওয়া হয়েছে। এ বিষয়ে বক্তব্য জানতে উপজেলা সহকারী কমিশনার (ভূমি)-এর ব্যবহৃত সরকারি মুঠোফোন নম্বরে যোগাযোগ করা হলে তিনি ব্যস্ত থাকার কথা জানান। ফলে এ বিষয়ে তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। অভিযোগের বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত মো. কামাল হোসেন বলেন, দুই যুবককে কম্বোডিয়ায় পাঠানোর জন্য তিনি প্রত্যেকের কাছ থেকে সাড়ে ছয় লাখ টাকা নিয়েছেন। ট্যুরিস্ট ভিসায় কম্বোডিয়ায় নেওয়ার বিষয়ে তিনি বলেন, তাদেরকে কনস্ট্রাকশন খাতে কাজের উদ্দেশ্যেই নেওয়া হয়েছিল। শারীরিক ও মানসিক নির্যাতন, জিম্মি করে রাখা, পাসপোর্ট জব্দ রাখা এবং বেতন পরিশোধ না করার অভিযোগ অস্বীকার করে তিনি বলেন, "এসব অভিযোগ মিথ্যা।" টাকা-পয়সার লেনদেন প্রসঙ্গে তিনি দাবি করেন, মো. মাহাবুব ডাক্তার নামের এক জন সাংবাদিক ওই লেনদেনের সাক্ষী ছিলেন। স্থানীয় সচেতন মহলের মতে, সংবাদ প্রকাশের পর পাসপোর্ট ফেরত দেওয়া হলেও ভুক্তভোগীদের অভিযোগের মূল বিষয়গুলো এখনো নিষ্পত্তি হয়নি। একজন দেশে ফিরলেও অপরজন এখনো কম্বোডিয়ায় অনিশ্চয়তা ও নিরাপত্তাহীনতার মধ্যে রয়েছেন। তাই বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করে প্রতারণার শিকার ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিত করা, ক্ষতিপূরণের ব্যবস্থা করা, কম্বোডিয়ায় অবস্থানরত আরিফ হোসেনকে দ্রুত দেশে ফিরিয়ে আনা এবং অভিযোগে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন তারা।

লাগাতার প্রবল বর্ষণে দক্ষিণাঞ্চলে

সাড়ে ৫ হাজার হেক্টর প্রবল বর্ষণের ক্ষতির কবলে। এছাড়া প্রায় সাড়ে ৪ হাজার হেক্টরের পান বরজের অনেকটাই অতিবর্ষণে মারাত্মক ক্ষতির কবলে পড়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-ডিএই মাঠ পর্যায়ে ক্ষয়ক্ষতির তথ্য-উপাত্ত সংগ্রহ করে কৃষি মন্ত্রণালয়কে অবহিত করছে। এ কারণে ব্লক সুপারভাইজারদের সাপ্তাহিক ছুটি বাতিল করে মাঠে মাঠে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করে উপজেলা থেকে জেলা সদর হয়ে বরিশাল আঞ্চলিক দপ্তরের নিয়ন্ত্রণ কক্ষে পাঠাতে বলা হয়েছে। বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপ সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়ে ভারতের উত্তরপশ্চিম প্রদেশে পৌঁছে দুর্বল হয়ে পড়লেও তার প্রভাবে টানা দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে শনিবার দিনের প্রথমভাগ পর্যন্ত বরিশালে দুর্যোগপূর্ণ আবহাওয়া অব্যাহত ছিল। শুক্রবার সকাল ৯টার পূর্ববর্তী ২৪ ঘণ্টায় আরও প্রায় ১শ মিলিমিটারসহ গত এক সপ্তাহে বরিশালে প্রায় আড়াইশ মিলিমিটার বৃষ্টি হয়েছে। শনিবার (১১ জুলাই) সকালের পূর্ববর্তী ২৪ ঘণ্টায় বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে প্রায় ২৫ মিলিমিটার। গত ৫ জুলাই থেকে লাগাতার বর্ষণে বরিশালসহ সমগ্র দক্ষিণাঞ্চলের জনজীবন ছিল প্রায় বিপর্যস্ত। তবে আগামী তিনদিন পরে বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পাবার কথাও জানিয়েছে আবহাওয়া অফিস। গ্রীষ্ম পেরিয়ে চলতি বর্ষা মৌসুমেও বরিশালে বৃষ্টিপাতের আকালের মধ্যে আষাঢ়ের মধ্যভাগের পরে, চলতি মাসের প্রথম সপ্তাহের শেষভাগ থেকেই এ বর্ষণ শুরু হয়। অথচ সদ্য সমাপ্ত জুনেও বরিশালে বৃষ্টিপাতের ঘাটতি ছিল প্রায় ৪৩ ভাগ। মে মাসে ঘাটতির পরিমাণ ছিল প্রায় ৪৯ ভাগের কাছে। অথচ এপ্রিল মাসে স্বাভাবিকের তুলনায় ৬৯ ভাগ বেশি বৃষ্টি হলেও মার্চে তা ছিল ৪৭% কম। অপরদিকে আবহাওয়া বিভাগ চলতি মাসে বরিশালে স্বাভাবিক, ৫৩০ মিলিমিটারের স্থলে ৫৩৫-৫৬০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টিপাতের সম্ভাবনার কথা বললেও প্রথম ১০ দিনেই বৃষ্টি হয়েছে প্রায় আড়াইশ মিলি। তবে শনিবার সকাল ১০টার পরে বরিশালে ভারী বর্ষণের সতর্কতা প্রত্যাহার করা হয়েছে। অপরদিকে শনিবারও বরিশালসহ দক্ষিণাঞ্চলের সবগুলো নদীবন্দরকে ১ নম্বর সতর্ক সংকেতের আওতায় রাখা হয়েছে। অনাবৃষ্টি আর অতিবৃষ্টির সাথে লাগাতার বর্ষণে বরিশালসহ সন্নিহিত এলাকাজুড়ে কৃষকগণ আমন বীজতলা তৈরি করতে নানা বিড়ম্বনায় পড়লেও চলতি খরিপ-২ মৌসুমে বরিশাল কৃষি অঞ্চলের প্রায় ৯ লাখ হেক্টরে আমন আবাদের মাধ্যমে ২৪ লাখ টন চাল উৎপাদনের লক্ষ্য স্থির করেছে কৃষি মন্ত্রণালয়। কিন্তু ইতিমধ্যে বৈরী আবহাওয়া মারাত্মক অন্তরায় সৃষ্টি করছে। অনাবৃষ্টির পরে অতিবর্ষণে আমন বীজতলা তৈরি নিয়ে নানামুখী সংকট চলছে। বীজ না থাকলে রোপণের প্রশ্ন অবান্তর। তবে আবহাওয়া বিভাগ আগামী কয়েকদিনে বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পাবার কথা জানিয়েছে।

সবুজ বাংলাদেশ গড়তে

প্রজাতির গাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির সূচনা করেন। এ সময় তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ বাংলাদেশ গড়ে তুলতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, "প্রত্যেক শিক্ষার্থী অন্তত একটি করে গাছ লাগাবে এবং তার পরিচর্যার দায়িত্ব নেবে। একটি গাছ শুধু পরিবেশ রক্ষা করে না, মানুষের জীবন ও ভবিষ্যৎও সুরক্ষিত রাখে।" পরে আলোচনা সভায় বক্তব্য দিতে গিয়ে তথ্যমন্ত্রী বলেন, "শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের স্বতন্ত্র বৈশিষ্ট্য রয়েছে। সেই বৈশিষ্ট্য আমাদের কর্মকাণ্ডের মাধ্যমে জনগণের কাছে তুলে ধরতে হবে। ক্ষমতার চর্চা এমনভাবে করতে হবে, যাতে জনগণের মধ্যে সরকার বা দলের বিরুদ্ধে কোনো ধরনের অসন্তোষ সৃষ্টি না হয়।" তিনি স্থানীয় দলীয় নেতাকর্মীদের উদ্দেশে বলেন, "ক্ষমতাসীন দলের নাম ব্যবহার করে কিংবা আমার নাম ভাঙিয়ে এলাকায় কোনো ধরনের অপরাধ, চাঁদাবাজি বা অনিয়ম করা যাবে না। যদি দলের কোনো নেতা বা কর্মী অপরাধে জড়িত থাকে, তাহলে সাধারণ মানুষ প্রমাণসহ আমার কাছে অভিযোগ দেবেন। অভিযোগের সত্যতা পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।" নলচিড়া মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি আব্দুস সাত্তার মৃধার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. শহিদুল ইসলাম। এ সময় বক্তব্য দেন বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য মো. জুয়েল সরদার, প্রধান শিক্ষক মো. নুরুল আলমসহ অন্যান্য অতিথিরা। অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। বৃক্ষরোপণ কর্মসূচির মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

বরিশালের স্বাস্থ্য বিভাগীয় পরিচালকের

শাহিন একজন পেশাদার ও দক্ষ সরকারি কর্মকর্তা। ছাত্রজীবন থেকেই তিনি জাতীয়তাবাদী ছাত্রদলের রাজনীতির আদর্শের সাথে সম্পৃক্ত ছিলেন। অথচ দুঃখজনকভাবে, সরকারি কর্মকর্তা হিসেবে বিগত সরকারের মন্ত্রীদের সাথে দাপ্তরিক কাজের কিছু ছবিকে পুঁজি করে একটি কুচক্রী মহল তাকে 'ফ্যাসিবাদের দোসর' হিসেবে আখ্যায়িত করার অপচেষ্টা চালাচ্ছে। তারা আরও বলেন, ব্যক্তিগত আক্রোশ, ঈর্ষা ও পদ-পদবির লোভ থেকে যাকে-তাকে স্বৈরাচারের দোসর ট্যাগ লাগিয়ে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করার যে নোংরা মব কালচার দেশে শুরু হয়েছে, তা চরম অন্যায় এবং কোনোভাবেই কাম্য নয়। ?বক্তারা আরও বলেন, করোনাকালীন চরম সংকটের সময়ে যখন সাধারণ মানুষ চিকিৎসা না পেয়ে দিশেহারা হয়ে পড়েছিল, তখন ডা. মনিরুজ্জামান শাহিন নিজের জীবনের সর্বোচ্চ ঝুঁকি নিয়ে সম্মুখসারির যোদ্ধা হিসেবে মানুষের সেবায় ঝাঁপিয়ে পড়েছিলেন। তার সেই মানবিক ও নিষ্ঠাপূর্ণ অবদানকে বরিশালের মানুষ আজও কৃতজ্ঞতার সাথে স্মরণ করে। অথচ আজ একটি মহল চিকিৎসকদের একাংশকে বিভ্রান্ত করে বিক্ষোভের নামে বরিশালের স্বাস্থ্য খাতের উন্নয়নকে বাধাগ্রস্ত করার ষড়যন্ত্র করছে। মানববন্ধনে উপস্থিত নাগরিকরা সরকার এবং সংশ্লিষ্ট প্রশাসনের প্রতি আহ্বান জানিয়ে বলেন, কোনো ধরনের উস্কানি ও মিথ্যা অপপ্রচারে কান না দিয়ে ডা. এস এম মনিরুজ্জামান শাহিনের মতো একজন যোগ্য, সৎ ও জনবান্ধব কর্মকর্তাকে বরিশালের স্বাস্থ্য খাতের আমূল পরিবর্তনে কাজ করার সুযোগ দেওয়া হোক। একই সাথে যারা স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ে (বরিশাল) মিথ্যা তথ্য ছড়িয়ে মব সৃষ্টির চেষ্টা করছে, তাদের চিহ্নিত করে আইনি ব্যবস্থা গ্রহণ করা হোক। মানববন্ধনে বরিশালের বিভিন্ন পেশাজীবী, সমাজকর্মী, সাধারণ শিক্ষার্থী এবং সর্বস্তরের সাধারণ জনগণ অংশ নেন।

শেখ মুজিব স্বাধীনতার ঘোষণা

বলেছিলেন, আমি বিচ্ছিন্নতাবাদী হতে পারি না, পাকিস্তান ভাঙতে আমার কোনো ভূমিকা থাকুক এটি আমি চাই না। সুতরাং তিনি স্বাধীনতার ঘোষণা দেননি। তিনি বলেন, পাকিস্তানি বাহিনীর বর্বরোচিত আক্রমণের মুখে যখন জাতি দিশেহারা ও অবদমিত হওয়ার উপক্রম হয়েছিল, তখনই ইস্ট বেঙ্গল রেজিমেন্ট সাহসের সঙ্গে প্রতিরোধ গড়ে তোলে। এই সংকটময় মুহূর্তে মেজর জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দেন, যা জাতিকে যুদ্ধে ঝাঁপিয়ে পড়তে উদ্দীপ্ত ও অনুপ্রাণিত করেছিল। এটিই হলো প্রকৃত সত্য।' হাফিজ উদ্দিন আহমদ জোর দিয়ে বলেন, '১৯৭১ সালের মুক্তিযুদ্ধ কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলের যুদ্ধ ছিল না, এটি ছিল একটি জনতার যুদ্ধ। তিনি অভিযোগ করেন, স্বাধীনতার পর ক্ষমতায় এসে একটি বিশেষ গোষ্ঠী ইতিহাস বিকৃত করে শুধু ৭ই মার্চের ভাষণের ওপর ভিত্তি করে স্বাধীনতার কৃতিত্ব নিতে চেয়েছিল, যা ছিল চরম অন্যায়। রাজনীতিবিদরা সাধারণত অন্যের কৃতিত্ব হাইজ্যাক করেন এবং নিজের দলের নেতাকে ছাড়া কাউকে কৃতিত্ব দিতে চান না।' আলোচনায় তিনি ইস্ট বেঙ্গল রেজিমেন্টের গৌরবময় ভূমিকার কথা স্মরণ করে বলেন, তখন পূর্ব পাকিস্তানে রেজিমেন্টের মাত্র পাঁচটি ব্যাটালিয়ন ছিল। একেকটি ক্যান্টনমেন্টে তারা কোনো পূর্বপরিকল্পনা বা যোগাযোগ ছাড়াই পাকিস্তানি বাহিনীর গণহত্যার প্রতিবাদে বিদ্রোহ করে এবং জনগণকে মুক্তিযুদ্ধে অংশ নেওয়ার আহ্বান জানায়। এই প্রতিরোধ যুদ্ধই ছিল ৯ মাসব্যাপী রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মূল ভিত্তি। সেনাবাহিনীতে যোগদানের স্মৃতি রোমন্থন করতে গিয়ে তিনি বলন, তিনি মূলত ফুটবল খেলার টানেই সেনাবাহিনীতে যোগ দিয়েছিলেন। তৎকালীন মেজর জিয়াউর রহমানের অনুপ্রেরণাতেই তিনি ইস্ট বেঙ্গল রেজিমেন্টে যোগদানের সিদ্ধান্ত নেন। তিনি বলেন, আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি স্বাধীনতার মহান ঘোষক এদেশের মহান রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমানকে, যিনি আমাকে ইস্ট বেঙ্গল রেজিমেন্টে যোগদানের জন্য উৎসাহিত করেছিলেন। ?এছাড়া তিনি ইস্ট বেঙ্গল রেজিমেন্টের প্রধান সংগঠক মেজর আব্দুল গনি এবং ১৯৭১ সালে চট্টগ্রামের রেজিমেন্ট কমান্ডার ব্রিগেডিয়ার মাহমুদুর রহমান মজুমদারের অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। পরিশেষে, তিনি সৈনিকদের সাথে অফিসারদের সম্পর্কের যে চিরাচরিত বন্ধন তা পুনরায় শক্তিশালী করার আহ্বান জানান। আলোচনায় স্পিকার মুক্তিযুদ্ধে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের গৌরবময় ভূমিকার কথা স্মরণ করে বলেন, তখন পূর্ব পাকিস্তানে রেজিমেন্টের মাত্র পাঁচটি ব্যাটালিয়ন ছিল। একেকটি ক্যান্টনমেন্টে তারা কোনো পূর্বপরিকল্পনা ছাড়াই পাকিস্তানি বাহিনীর গণহত্যার প্রতিবাদে বিদ্রোহ করে এবং জনগণকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের আহ্বান জানায়। এই প্রতিরোধ যুদ্ধই ছিল ৯ মাসব্যাপী রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মূল ভিত্তি।

নামাজে যাওয়ার পথে

শিকদার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, সংকটাপন্ন অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে আসা হয়। উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানোর ব্যবস্থাও গ্রহণ করা হয়েছিল। কিন্তু প্রাথমিক চিকিৎসা চলাকালে তার মৃত্যু হয়? বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, 'দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল ও হাসপাতাল পরিদর্শন করে প্রাথমিক আলামত সংগ্রহ করেছে পুলিশ। বিস্তারিত তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।'

১১ দলীয় ঐক্যের বরিশাল বিভাগীয়

বাবর, অঞ্চল টিম সদস্য এ কে এম ফখরুদ্দিন খান রাজী, জেলা জামায়াতের আমির অধ্যক্ষ মাওলানা আব্দুল জব্বার, অঞ্চল টিম সদস্য অধ্যাপক শাহ্ আলম, ঝালকাঠি জেলা আমীর অ্যাড. হাফিজুর রহমান, মহানগরীর নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসেন দুলাল, সেক্রেটারি মাওলানা মতিউর রহমান সহ অন্যান্য নেতৃবৃন্দ। সভাপতির বক্তব্যে এ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেন, আগামী ১৮ জুলাই বরিশালে ১১ দলীয় ঐক্যের সমাবেশকে জনসমুদ্রে পরিণত করতে হবে। জনগণের ন্যায্য অধিকার আদায়, গণভোটের জনরায় বাস্তবায়ন ও জনদুর্ভোগ লাঘবের দাবিতে বরিশাল বিভাগীয় সমাবেশ হবে গণমানুষের ঐক্যবদ্ধ কণ্ঠস্বর। তিনি সকল পর্যায়ের নেতাকর্মী ও সাধারণ জনগণকে সমাবেশ সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান এবং ব্যাপক গণসংযোগ ও সাংগঠনিক প্রস্তুতি জোরদারের নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদুর্ভোগ নিরসন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং জনগণের মৌলিক অধিকার প্রতিষ্ঠার দাবিতে বরিশাল বিভাগীয় সমাবেশ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে ভূমিকা পালন করবে। দায়িত্বশীল সভায় সমাবেশকে কেন্দ্র করে সাংগঠনিক প্রস্তুতি, প্রচার-প্রচারণা, জনসম্পৃক্ততা, নিরাপত্তা ও সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন, ১৮ জুলাইয়ের সমাবেশে বরিশাল বিভাগের বিভিন্ন জেলা থেকে বিপুল সংখ্যক মানুষের উপস্থিতি ঘটবে এবং তা জনআকাঙ্ক্ষার প্রতিফলন হিসেবে পরিণত হবে।

আগস্ট-সেপ্টেম্বরে ভয়াবহ হতে

প্রজননের অনুকূল পরিবেশ তৈরি করছে। এদিকে হাসপাতালগুলোতেও বাড়তে শুরু করেছে ডেঙ্গু রোগীর সংখ্যা। তীব্র জ্বর, শরীরব্যথাসহ নানা উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হচ্ছেন অনেকেই। পরীক্ষায় তাদের বেশিরভাগেরই ডেঙ্গু শনাক্ত হচ্ছে। একজন রোগী বলেন, প্রথমে সারা শরীরে প্রচণ্ড ব্যথা শুরু হয়। এরপর জ্বর আসে। টানা তিন দিন ১০৪ ডিগ্রি পর্যন্ত জ্বর ছিল। আরেকজন রোগী জানান, প্রথমে এক-দুই দিন ভেবেছিলাম ওষুধ খেলেই ভালো হয়ে যাবে। কিন্তু পরদিন আবারও একই অবস্থা হওয়ায় হাসপাতালে আসতে হয়েছে। এবারের ডেঙ্গু মৌসুম নিয়ে উদ্বিগ্ন বিশেষজ্ঞরাও। কীটতত্ত্ববিদ ও মশা গবেষকদের মতে, দেশের অধিকাংশ জেলায় মশার লার্ভা ইনডেক্স ২০-এর বেশি। ফলে আগামী আগস্ট বা সেপ্টেম্বরের যেকোনো এক মাসে ডেঙ্গু ভয়াবহ আকার ধারণ করতে পারে। সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে বরিশাল, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের বেশ কয়েকটি জেলা। কীটতত্ত্ববিদ অধ্যাপক ড. কবিরুল বাশার বলেন, কোনো এলাকায় ব্রুটো ইনডেক্স ২০ বা তার বেশি হলে সেখানে এডিস মশাবাহিত রোগ, বিশেষ করে ডেঙ্গু ও চিকুনগুনিয়া ছড়িয়ে পড়ার ঝুঁকি তৈরি হয়। মডেল প্রেডিকশন অনুযায়ী, আগস্ট অথবা সেপ্টেম্বরের যেকোনো এক মাসে ডেঙ্গুর প্রকোপ ব্যাপক হতে পারে। বিশেষ করে বরিশাল বিভাগের জেলাগুলো, চট্টগ্রাম বিভাগের কয়েকটি জেলা এবং ঢাকার আশপাশের গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, চাঁদপুর ও কুমিল্লা বেশি ঝুঁকিতে রয়েছে। তবে এখন থেকেই আগাম প্রস্তুতি নিলে আগস্ট-সেপ্টেম্বরে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা সম্ভব। এজন্য প্রশাসন ও সাধারণ মানুষের সম্মিলিত উদ্যোগে এডিস মশার প্রজননস্থল ধ্বংস করতে হবে। অধ্যাপক ড. কবিরুল বাশার আরও বলেন, সবচেয়ে জরুরি হলো এডিস মশার প্রজননস্থল ধ্বংসের কার্যক্রম জোরদার করা। এখনই যদি বিষয়টি গুরুত্ব দিয়ে নিয়ন্ত্রণ করা যায়, তাহলে আগস্ট-সেপ্টেম্বরে পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে। গত বছরও কয়েকটি বিভাগে ডেঙ্গুর ভয়াবহ প্রকোপ দেখা গিয়েছিল। এর মধ্যে সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছিল বরিশাল বিভাগ, আর সবচেয়ে বেশি মৃত্যু হয়েছিল ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায়। এবারও পরিসংখ্যান প্রায় একই ধরনের ইঙ্গিত দিচ্ছে। এখন পর্যন্ত সবচেয়ে বেশি আক্রান্ত বরিশাল বিভাগে, আর সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায়।

অপরাধীরা শাস্তি পাবে, নিরপরাধ

বরিশাল ব্যুরো এফএম নাজমুল রিপন এবং প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক যুগান্তরের আগৈলঝাড়া প্রতিনিধি সাইফুল ইসলামকে আসামি করার বিষয়টি তার নজরে আনেন। এ বিষয়ে তথ্যমন্ত্রী এম জহির উদ্দিন স্বপন বলেন, থানায় হামলা ও পুলিশ সদস্যদের মারধরের ঘটনায় আমি দুঃখ প্রকাশ করছি। এ ঘটনায় জড়িত সকল অপরাধীকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে। তবে কোনো নিরপরাধ ব্যক্তি যেন হয়রানির শিকার না হন, সে বিষয়টিও গুরুত্বের সঙ্গে দেখা হবে। এ সময় উপস্থিত ছিলেন আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাসুদ খান, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক শিকদার হাফিজুল ইসলাম, সদস্যসচিব মোল্লা বশির আহম্মেদ পান্না, আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি মো. শামীমুল ইসলাম শামীম, সাবেক সভাপতি সরদার হারুন রানা এবং স্থানীয় সাংবাদিকরা। প্রসঙ্গত , ফুলশ্রী গ্রামের রিয়াজ ফকিরকে চুরির মামলার সন্দেহভাজন হিসেবে গত বুধবার গ্রেপ্তার করে পুলিশ। থানার হাজতখানার লোহার দরজায় তিনি নিজের মাথায় আঘাত করে অচেতন হয়ে পড়েন। পরে তাকে প্রথমে আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং পরে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরদিন বৃহস্পতিবার বিকেলে রিয়াজ ফকিরের মৃত্যুর গুজব এলাকায় ছড়িয়ে পড়লে তার আত্মীয়-স্বজনসহ শতাধিক লোক মিছিল নিয়ে থানায় প্রবেশ করে হামলা, ভাঙচুর এবং পুলিশ সদস্যদের ওপর হামলা চালায়। পরে পুলিশ ও হামলাকারীদের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ১২ জন আহত হন। এ ঘটনায় পুলিশ বাদী হয়ে ৪৩ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা প্রায় ৩০০ জনকে আসামি করে মামলা দায়ের করেছে। শনিবার (১১ জুলাই) পর্যন্ত নারী-পুরুষ মিলিয়ে ২২ জনকে গ্রেপ্তার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ। আলোচিত এ মামলায় আগৈলঝাড়া প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এফএম নাজমুল রিপনকে ২১ নম্বর এবং সাবেক সভাপতি সাইফুল ইসলামকে ২৩ নম্বর আসামি করা হয়েছে। এজাহারে তাদের বিরুদ্ধে হামলাকারীদের প্ররোচনা দেওয়ার অভিযোগ আনা হয়েছে।

প্রধানমন্ত্রীর প্রথম বরিশাল সফর

সাংগঠনিক সম্পাদক মাহবুবুল হক নান্নুসহ জেলা ও মহানগর বিএনপি এবং অঙ্গ-সহযোগী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন। এর আগে গৌরনদীর বাটাজোর এলাকায় প্রধানমন্ত্রীর বৃক্ষরোপণ কর্মসূচির স্থানও পরিদর্শন করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে প্রস্তুতি নিয়ে মতবিনিময় করেন এবং বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন। বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, প্রধানমন্ত্রীর সফর নির্বিঘ্ন ও সফল করতে শতভাগ প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। প্রশাসনের সব পর্যায়ের কর্মকর্তা সমন্বিতভাবে কাজ করছেন। একই সঙ্গে তিনি সর্বস্তরের মানুষের সহযোগিতা কামনা করেন। তথ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর সফরের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সবাইকে নিজ নিজ দায়িত্ব নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে পালন করতে হবে। গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইব্রাহীম বলেন, প্রধানমন্ত্রীর সফর উপলক্ষে গৌরনদী উপজেলার বিভিন্ন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। পাশাপাশি অবকাঠামোগত উন্নয়ন ও প্রয়োজনীয় প্রস্তুতির কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। বেশির ভাগ কাজ ইতোমধ্যে শেষ হয়েছে, বাকি কাজও নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। কেন্দ্রীয় বিএনপির সাংঠনিক সম্পাদক ও বিসিসির প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, প্রধানমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে নেতাকর্মী ও সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। তাকে স্বাগত জানাতে বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

গাবখান চ্যানেলে ২য় সেতু নির্মাণের

স্থান পরিদর্শন করেন বাংলাদেশ সেতু বিভাগের সচিব মোহাম্মদ আবদুর রউফ। জানা গেছে, পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য ও গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর জাতীয় সংসদে সেতুটি নির্মাণের প্রয়োজনীয়তা তুলে ধরে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন এবং নির্মাণের আবেদন জানান। এর পরিপ্রেক্ষিতে গত ১০ মে ২০২৬ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের সচিবের কাছে একটি চিঠি পাঠানো হয়। চিঠিতে পিরোজপুর জেলার মানুষের দৈনন্দিন যাতায়াত সহজ করা এবং এলাকার অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির স্বার্থে আমরাজুড়ি সেতুসহ জেলার তিনটি গুরুত্বপূর্ণ সেতু নির্মাণকে জরুরি উল্লেখ করা হয়। একই সঙ্গে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন জরুরি ভিত্তিতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। এর ধারাবাহিকতায় শনিবার সকালে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের সচিব মোহাম্মদ আবদুর রউফ-এর নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল কাউখালী উপজেলার আমরাজুড়ি ফেরিঘাট এলাকায় সেতুর সম্ভাব্য নির্মাণ স্থান পরিদর্শন করেন। এসময় সেতু বিভাগের অতিরিক্ত সচিব আলতাব হোসেন শেখ, সেতু বিভাগের তত্বাবধায়ক প্রকৌশলী তোফাজ্জেল হোসেন, পিরোজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক মিস ইসরাত জাহান, কাউখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামানসহ স্হানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

নকলের সুযোগ না পেয়ে কেন্দ্র ভাঙচুর

সুযোগ চেয়েছিল। নিয়ম অনুযায়ী তাদের সে সুযোগ দেওয়া হয়নি। এতে ক্ষুব্ধ হয়ে পরীক্ষা শেষে তারা হামলা ও ভাঙচুর চালায়। তবে আমরা এইচএসসি পরীক্ষার উত্তরপত্র নিরাপদে সংরক্ষণ করতে সক্ষম হয়েছি। হামলায় কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি সিকদার হুমায়ুন কবির ইটের আঘাতে আহত হয়েছেন। কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি সিকদার হুমায়ুন কবির বলেন, শুধু পরীক্ষার্থীরাই নয় তাদের সঙ্গে বহিরাগতরাও হামলায় অংশ নেয়। ঘটনার পর চরফ্যাশন সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক জসিম উদ্দিন ফাতেমা মতিন মহিলা কলেজে এলেও সাংবাদিকদের এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা আফরোজ বলেন, চরফ্যাশন সরকারি কলেজের শিক্ষার্থীরা ফাতেমা মতিন মহিলা কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। শুনেছি প্রশ্ন কঠিন হওয়া এবং নকল করতে না দেওয়াকে কেন্দ্র করে পরীক্ষা শেষে অপ্রীতিকর ঘটনা ঘটেছে। পুলিশ দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

বিয়ের দুই মাসের মাথায় যুক্তরাষ্ট্র

থেকে ইসরাত জাহান নিশি (২৮) নামে ওই গৃহবধূর মরদেহ উদ্ধার করা হয়। তিনি ভোলার বোরহানউদ্দিন উপজেলার দেউলা গ্রামের নাসির মোল্লার মেয়ে এবং বাউফল উপজেলার চন্দ্রপাড়া গ্রামের যুক্তরাষ্ট্রপ্রবাসী মনিরুল ইসলাম ঢালীর স্ত্রী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, প্রায় দুই মাস আগে পারিবারিকভাবে মনিরুল ইসলাম ঢালীর সঙ্গে নিশির বিয়ে হয়। এর আগে মনিরুলের আরেকটি বিয়ে হলেও দাম্পত্য কলহের জেরে সেই সংসারের বিচ্ছেদ ঘটে। পরিবারের সদস্যদের দাবি, সম্প্রতি স্বামী-স্ত্রীর মধ্যে মনোমালিন্য চলছিল। শুক্রবার রাতে খাবার শেষে তাদের মধ্যে কথা-কাটাকাটি হলে নিশি আলাদা একটি কক্ষে গিয়ে দরজা বন্ধ করে দেন। পরে পরিবারের সদস্যরা ডাকাডাকি করলেও তিনি সাড়া দেননি। শনিবার সকালে আবারও ডাকাডাকির পর কোনো সাড়া না পেয়ে পুলিশে খবর দেওয়া হয়। খবর পেয়ে বাউফল থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে স্থানীয়দের সহায়তায় দরজা ভেঙে কক্ষের ভেতর থেকে বৈদ্যুতিক পাখার সঙ্গে ঝুলন্ত অবস্থায় নিশির মরদেহ উদ্ধার করে। পরে মরদেহটি ময়নাতদন্তের জন্য থানায় নেওয়া হয়। স্বামী মনিরুল ইসলাম ঢালী বলেন, রাতে সামান্য মনোমালিন্যের পর নিশি আলাদা কক্ষে গিয়ে দরজা বন্ধ করে দেন। রাতে এবং সকালে ডাকাডাকি করেও কোনো সাড়া না পেয়ে পুলিশকে খবর দেওয়া হয়। ঘটনার পর সহকারী পুলিশ সুপার (বাউফল সার্কেল) ঘটনাস্থল পরিদর্শন করেন। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন ও তদন্ত শেষে মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। বর্তমানে ঘটনাটি তদন্তাধীন রয়েছে।

উপকূলীয় বরগুনায় আবহাওয়া

ফলে জীবন ও সম্পদের ঝুঁকি বেড়ে যায়। গভীর সমুদ্রে নিয়মিত মাছ শিকার করা জেলে মো. নিজাম উদ্দিন বলেন, 'আমরা প্রতিদিন জীবিকার তাগিদে গভীর সমুদ্রে যাই। অনেক সময় হঠাৎ আবহাওয়া খারাপ হয়ে যায়। যদি বরগুনায় একটি আধুনিক আবহাওয়া অফিস থাকত, তাহলে আরও নির্ভুল ও দ্রুত তথ্য পেয়ে আমরা আগেই নিরাপদ আশ্রয়ে ফিরতে পারতাম। এতে বহু জেলের জীবন রক্ষা পেত।' পাথরঘাটা পানি কমিটির সাধারণ সম্পাদক মো. মহিউদ্দিন এসমে বলেন, 'জলবায়ু পরিবর্তনের কারণে উপকূলে দুর্যোগের ঝুঁকি দিন দিন বাড়ছে। বরগুনায় একটি পূর্ণাঙ্গ আবহাওয়া অফিস প্রতিষ্ঠা শুধু সময়ের দাবি নয়, এটি এখন অপরিহার্য। এতে দুর্যোগ মোকাবেলা ও আগাম প্রস্তুতি আরও কার্যকর হবে।' বরগুনা জেলা ট্রলার মালিক সমিতির সভাপতি চৌধুরী গোলাম মোস্তফা বলেন, 'হাজার হাজার ট্রলার প্রতিদিন সাগরে যায়। নির্ভুল ও স্থানভিত্তিক আবহাওয়ার তথ্য না থাকায় জেলে ও ট্রলার মালিকরা প্রায়ই ঝুঁকির মুখে পড়েন। একটি আধুনিক আবহাওয়া অফিস প্রতিষ্ঠিত হলে দুর্ঘটনা কমবে এবং মৎস্যখাতও উপকৃত হবে।' বরগুনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আবু জাফর মো. সালেহ বলেন, 'উপকূলীয় জেলা হিসেবে বরগুনার গুরুত্ব অনেক। কিন্তু আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র না থাকায় সংবাদ সংগ্রহ ও জনসচেতনতা তৈরিতেও সমস্যা হয়। একটি পূর্ণাঙ্গ আবহাওয়া অফিস প্রতিষ্ঠা হলে নির্ভুল তথ্য দ্রুত জনগণের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে।' বরগুনা জেলা নাগরিক অধিকার সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক মনির হোসেন কামাল বলেন, 'প্রতি বছর ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ও নদীভাঙনের মতো দুর্যোগে বরগুনার মানুষ ক্ষতিগ্রস্ত হন। অথচ এত গুরুত্বপূর্ণ জেলায় এখনও আবহাওয়া অফিস না থাকা অত্যন্ত দুঃখজনক। জনস্বার্থে এবং দুর্যোগে ক্ষয়ক্ষতি কমাতে দ্রুত একটি আধুনিক আবহাওয়া অফিস স্থাপন করা উচিত।' সংশ্লিষ্টদের মতে, বরগুনায় একটি পূর্ণাঙ্গ আবহাওয়া অফিস স্থাপন করা হলে স্থানীয়ভাবে বৃষ্টিপাত, বাতাসের গতি, জোয়ার-ভাটা, ঘূর্ণিঝড়, বজ্রপাতসহ বিভিন্ন আবহাওয়াগত তথ্য দ্রুত সংগ্রহ ও বিশ্লেষণ করা সম্ভব হবে। একই সঙ্গে জেলে, কৃষক, নৌযান চালক এবং সাধারণ মানুষ সময়মতো নির্ভুল পূর্বাভাস পেয়ে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা নিতে পারবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি বরগুনাবাসীর দাবি, উপকূলীয় জনগণের জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং দুর্যোগ ব্যবস্থাপনাকে আরও শক্তিশালী করতে বরগুনায় জরুরি ভিত্তিতে একটি পূর্ণাঙ্গ ও আধুনিক আবহাওয়া অফিস স্থাপন করা জরুরি।

জাতিসংঘে ইরানের পারমাণবিক কর্মসূচির

মেয়াদ শেষ হয়ে গেছে। তাই ইরানের পারমাণবিক ইস্যু নিয়ে আলোচনার এখতিয়ার এখন আর পরিষদের নেই। শুক্রবার (১০ জুলাই) প্রেস টিভির প্রকাশিত এক প্রতিবেদনে জানানো হয়, ইউরোপীয় সদস্য দেশগুলোর অনুরোধে নিরাপত্তা পরিষদের এই বৈঠক ডাকা হয়। তবে চীন ও রাশিয়া এর বিরোধিতা করে। পরে ভোটে ১১টি দেশ পক্ষে, দুটি দেশ বিপক্ষে এবং দুটি দেশ বিরত থাকায় বৈঠক অনুষ্ঠিত হয়। গত বছর ২২৩১ নম্বর প্রস্তাবের মেয়াদ শেষ হওয়ার পর এটি ছিল এ বিষয়ে নিরাপত্তা পরিষদের তৃতীয় বৈঠক। এর আগে চলতি বছরের মার্চ ও জুন মাসেও একই বিষয়ে বৈঠক হলেও কোনো আনুষ্ঠানিক সিদ্ধান্ত হয়নি। ২০১৫ সালে ইরান ও ছয় বিশ্বশক্তির মধ্যে স্বাক্ষরিত পরমাণু চুক্তি বা জয়েন্ট কমপ্রিহেনসিভ প্ল্যান অব অ্যাকশন (জেসিপিওএ) অনুমোদনের জন্য ২২৩১ নম্বর প্রস্তাব গৃহীত হয়েছিল। এর মেয়াদ ২০২৫ সালের ১৮ অক্টোবর শেষ হয়। ইরান, রাশিয়া ও চীনের মতে, ওই তারিখের পর প্রস্তাবটির সব বিধান, নিষেধাজ্ঞা এবং নিরাপত্তা পরিষদের দায়িত্বেরও অবসান ঘটেছে। ফলে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে নিরাপত্তা পরিষদের আর কোনো এখতিয়ার নেই। তিন দেশই বলেছে, ব্রিটেন, ফ্রান্স ও জার্মানির তথাকথিত নিষেধাজ্ঞা পুনর্বহালের উদ্যোগ আইনগত ও প্রক্রিয়াগতভাবে অবৈধ। কারণ সংশ্লিষ্ট প্রস্তাবটির কার্যকারিতা ইতোমধ্যে শেষ হয়ে গেছে। জাতিসংঘে রাশিয়ার উপ-স্থায়ী প্রতিনিধি আন্না এভস্তিগনিয়েভা বৈঠকের আগে বলেন, ২০২৫ সালের ১৭ অক্টোবরের পর থেকে ২২৩১ নম্বর প্রস্তাবের আর কোনো কার্যকারিতা নেই। নিরাপত্তা পরিষদেরও এ বিষয়ে আলোচনা করার ম্যান্ডেট শেষ হয়েছে। তিনি অভিযোগ করেন, নিরাপত্তা পরিষদের কয়েকটি সদস্য দেশ রাজনৈতিক উদ্দেশ্যে এমন একটি বিষয় নিয়ে বারবার বৈঠক ডেকে নিয়ম ভঙ্গ করছে। এভস্তিগনিয়েভা বলেন, ইরানকে ঘিরে অযৌক্তিকভাবে উত্তেজনা বাড়ানোর চেষ্টা কিংবা রাজনৈতিক উদ্দেশ্যে নিরাপত্তা পরিষদকে ব্যবহার করার সব ধরনের প্রচেষ্টা রাশিয়া দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করে। জাতিসংঘে চীনের উপ-স্থায়ী প্রতিনিধি সান লেইও একই অবস্থান তুলে ধরেন। তিনি বলেন, ২০২৫ সালের ১৮ অক্টোবর ২২৩১ নম্বর প্রস্তাবের মেয়াদ শেষ হওয়ার মধ্য দিয়ে ইরানের পারমাণবিক ইস্যুতে নিরাপত্তা পরিষদের আনুষ্ঠানিক ভূমিকারও সমাপ্তি হয়েছে। সান লেই আরও বলেন, নিরাপত্তা পরিষদে বিষয়টির অতিরিক্ত রাজনৈতিকীকরণ সদস্য দেশগুলোর মধ্যে বিভাজন বাড়াচ্ছে। পাশাপাশি রাজনৈতিক সমাধানের পথকে আরও কঠিন করে তুলছে। বৈঠকে যুক্তরাষ্ট্র ও তার পশ্চিমা মিত্ররা ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে আগের অভিযোগগুলো পুনরায় তুলে ধরে। তবে বৈঠক শেষে কোনো সিদ্ধান্ত, প্রস্তাব বা আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা করা হয়নি। প্রস্তাবটির মেয়াদ শেষ হওয়ার পর জাতিসংঘে দেওয়া এক যৌথ চিঠিতে তিন দেশ জানায়, ২২৩১ নম্বর প্রস্তাবের সমাপ্তির মাধ্যমে ইরানের পারমাণবিক ইস্যুতে নিরাপত্তা পরিষদের ভূমিকারও ইতি ঘটেছে। একইসঙ্গে মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাগুলো পুনরুজ্জীবিত করার যে কোনো প্রচেষ্টাও তারা প্রত্যাখ্যান করেছে।

'১ হাজার মিসাইল প্রস্তুত'

এক পোস্টে ট্রাম্প দাবি করেন, বর্তমানে ইরানকে লক্ষ্য করে এক হাজার ক্ষেপণাস্ত্র প্রস্তুত রাখা হয়েছে। তিনি লেখেন, 'ইসলামি প্রজাতন্ত্র ইরানের দিকে ১,০০০ ক্ষেপণাস্ত্র তাক করে রাখা হয়েছে। যদি ইরান সরকার বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে দেওয়া তাদের হুমকি অনুযায়ী যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্টকে এক্ষেত্রে আমাকে হত্যা বা হত্যার চেষ্টা করে, তাহলে সঙ্গে সঙ্গে আরও কয়েক হাজার ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হবে।' ট্রাম্প জানান, এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা আগেই দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, 'মার্কিন সামরিক বাহিনী আগামী এক বছর এবং প্রয়োজনে তারও বেশি সময় ধরে ইরানের সব এলাকা মাটির সঙ্গে মিশিয়ে দিতে প্রস্তুত ও সক্ষম।' ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির জানাজায় অংশ নেওয়া কিছু বিক্ষোভকারীর হাতে ট্রাম্পের বিরুদ্ধে প্রতিশোধের আহ্বানসংবলিত ব্যানার প্রদর্শনের পর মার্কিন প্রেসিডেন্টের পক্ষ থেকে এই হুঁশিয়ারি আসে।

রাজাপুরে সেতু নির্মাণে

উপেক্ষা করে নিম্নমানের সামগ্রী ব্যবহার এবং কাজের গুণগত মান নিয়ে প্রশ্ন ওঠায় এলাকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। সেতুর পাইলিংয়ের ক্ষেত্রে নির্ধারিত ৬০ ফুটের পরিবর্তে মাত্র ১৫ ফুট পাইল ব্যবহার করা হচ্ছে। এছাড়া ব্ল্যাক স্টোনের পরিবর্তে হোয়াইট স্টোন, সিলেটি বালুর পরিবর্তে স্থানীয় বালু এবং ২০ মিলিমিটার রডের পরিবর্তে ১৬ মিলিমিটার রড ব্যবহার করা হচ্ছে বলে তারা অভিযোগ করেন। তারা আরও বলেন, চলমান বন্যা পরিস্থিতিতে পানির নিচে ঢালাই কাজ করা হয়েছে, যা নির্মাণকাজের মান নিয়ে আরও বড় প্রশ্ন তৈরি করেছে। শুধু তাই নয়, কাজের সময় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি উপস্থিত থাকার বাধ্যবাধকতা থাকলেও তার অনুপস্থিতিতেই ঠিকাদারি প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে কাজ চালিয়ে আসছে। তাদের দাবি, এসব অনিয়মের প্রতিবাদ জানিয়ে কাজ বন্ধ করে দিলে ঠিকাদার ঘটনাস্থলে এসে উল্টো ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখান এবং একইভাবে কাজ সম্পন্ন করবেন বলে হুমকি দেন। এতে এলাকাবাসীর মধ্যে উদ্বেগ ও ক্ষোভ আরও বেড়ে যায়। সরকারি উন্নয়ন প্রকল্পের নামে নিম্নমানের কাজের মাধ্যমে রাষ্ট্রীয় অর্থ অপচয়ের পাশাপাশি জননিরাপত্তাকেও ঝুঁকির মুখে ফেলা হচ্ছে। তারা অবিলম্বে নির্মাণকাজের তদন্ত, দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং কাজের গুণগত মান নিশ্চিত করতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ দাবি করেছেন। এ বিষয়ে রাজাপুর উপজেলা প্রকৌশলী অভিজিৎ মজুমদার বলেন, "আমরা এখন পর্যন্ত এই সেতুর কাজ শুরু করিনি। ঠিকাদার কেন আমাদের না জানিয়ে কাজ শুরু করেছেন, সে বিষয়ে তাকে নোটিশ দিয়ে কৈফিয়ত চাওয়া হবে।" ওই কাজের তদারকির দায়িত্বে থাকা উপসহকারী প্রকৌশলী (এসও) আবুল বাসার বলেন, ব্রিজের কাজের আদেশ অনেক আগেই দেয়া হয়েছিলো। যার মেয়াদ গত ১৫জুন শেষ হয়েছে। সংশ্লিষ্ট কাজের ঠিকাদার মেয়াদ বাড়ানোর আবেদন না করে এবং আমাদের না জানিয়েই তারা কাজ শুরু করে। আমরা বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি নিচ্ছি। উপজেলা প্রকৌশ্রলীর এমন বক্তব্যের পর প্রশ্ন উঠেছে, সংশ্লিষ্ট দপ্তরের অনুমোদন ও তদারকি ছাড়াই কীভাবে সরকারি প্রকল্পের কাজ শুরু হলো এবং কার ছত্রচ্ছায়ায় এতদিন তা চলতে থাকল। বিষয়টি নিয়ে এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট কাজের ঠিকাদার রাজাপুর উপজেলা ছাত্রদলের সদস্যসচিব রফিকুল ইসলাম মৃধা প্রকৌশলীদের বক্তব্য অসত্য দাবি করে জানান, কাজের মেয়াদ শেষ হবার পরে আমরা মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেছি। আরো তিন মাস সময় আমরা পাবো। কাজের লে-আউট করার সময় এসও আবুল বাসার উপস্থিত ছিলেন। তিনি আরো জানান, আমাদের কাজ কেউ বন্ধ করেনি। ভারী বর্ষণ ও প্রতিকূল আবহাওয়ার কারণে আমরাই কাজ করিনি। রবিবার ব্রিজের পাইল বসানো হবে। আপনাদের (সাংবাদিকদের) দাওয়াত। এসে দেখে যাইয়েন বলেও আহ্বান জানান তিনি।

নিজ কন্যার অত্যাচার থেকে

হয়ে পড়েছেন। তার দুই স্ত্রীর ঘরে চার ছেলে ও তিন কন্যা রয়েছে। এর মধ্যে স্ত্রী রাজিয়া বেগমের ঘরে তিন ছেলে এক মেয়ে ও স্ত্রী হাসিনা বেগমের ঘরে এক ছেলে দুই মেয়ে। মেয়ে জুলিয়া রহমান বণ্যা দ্বিতীয় স্ত্রী হাসিনা বেগমের ঘরের সন্তান। তার এ কন্যা তাকে বিভিন্ন সময়ে মারধরসহ ও মিথ্যা মামলা দিয়ে হয়রানি করে আসছে। ২০১১সালে তার এ কন্যা তাকে ও তার তৃতীয় স্ত্রীকে মেরে রক্তাক্ত করে জখম করে বাড়ী থেকে টাকা পয়সা ও স্বর্ণলংকার লুট করে নিয়ে যায় এবং তার বিরুদ্ধে মিথ্যা মামলা দেয়। এ ঘটনায় আহত হয়ে স্ত্রীসহ তিনি ভোলা সদর হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। বর্তমানে তার কাছে কোন টাকা-পয়সা না থাকায় তিনি চাকুরীজীবী ছেলেদের কাছে ঢাকায় অবস্থান করছেন। এর পরও বৃদ্ধ বয়সে মেয়ে জুলিয়া রহমান তাকেসহ পরিবারের অন্যান্য সদস্যদের বিরুদ্ধে একের পর এক মিথ্যা মামলা দিয়ে যাচ্ছে। লিখিত বক্তব্যে তিনি আরো জানান, মেয়ে জুলিয়া রহমান তার বাড়ী-ঘর সন্ত্রাসীদের দ্বারা দখল করে রেখেছে। অথচ ওই জমিতে বসবাস করার কোনো আইনী কাগজপত্র বা দলিল নেই। মেয়ের অত্যাচারে ক্ষিপ্ত হয়ে ওই জমি ও ঘর তার অন্য সন্তানদের ও স্ত্রীকে হেবা দলিল দিয়ে মালিকানা হস্তান্তর করেছেন। তার অবাধ্য মেয়ে জুলিয়া রহমান বণ্যার অত্যাচারের কারনে স্থানীয় চেয়ারম্যান ও মেম্বারসহ গণ্যমান্য প্রায় ১০০জনের স্বাক্ষরসহ বিগত সময়ে পুলিশ সুপার বরাবর আইনী প্রতিকার চেয়ে দরখাস্ত করা হয়েছে। তিনি ভোলা বাড়ী থেকে মেয়ের দ্বারা বিতারিত হয়ে ঢাকায় তার চাকুরীজীবী সন্তানের কাছে থাকা অবস্থায় গত ২০দিন আগে জুলিয়া রহমান বণ্যা নিজে ও বহিরাগত সন্ত্রাসী দ্বারা তাকে তুলে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করে এবং হামলা করে। এ অবস্থায় জাতীয় জুরুরী সেবা ৯৯৯ কল দিলে ঢাকার গেন্ডারিয়া থানার পুলিশের সহযোগীতায় তা প্রতিহত করেন। তিনি ৯০বছর বয়স অতিবাহিত করেছেন। বর্তমানে কারো সহযোগীতা ছাড়া হাটতে চলতে পারেন না। অসুস্থ অবস্থায় তার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে জীবনের এ সংকটাপন্ন সময়ে তার ও পরিবারের সদস্যদের নামে যে মিথ্যা মামলা করা হয়েছে তা প্রত্যাহারসহ জুলিয়া রহমানের কাছ থেকে নিজ বাড়ি ঘর ফিরে পেতে প্রশাসনের সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে অভিযুক্ত জুলিয়া রহমান বণ্যা পাল্টা অভিযোগ করে বলেন, গত প্রায় ২০বছর তার বাবা তার ৭০বছর বয়সী মায়ের ভরনপোষণ দেন না। এমনকি তার কোনো খোঁজ খবর নেন না। এ বিষয়ে তিনি ও তার মা আদালতে মামলা করেছেন। আদালত তার মায়ের পক্ষে রায় দিয়েছেন। গত কয়েক বছর ধরে তার সৎ ভাইয়েরা তার বাবাকে গোপন করে রেখেছেন। কোথায় আছেন সেই খবরও ছিলো না। গত মাসের ১৮তারিখে ঢাকায় তার বাবাকে খুঁজে পেয়েছেন। এখন এসে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেন।

বৈরী আবহাওয়ায় কুয়াকাটায় পর্যটক

থাকে, সেখানে শুক্রবারও ছিল অনেকটাই ফাঁকা। হোটেল সি প্যালেসের পরিচালক মো. রুবেল হোসেন বলেন, হোটেল সমুদ্রসৈকতের জিরো পয়েন্টে হওয়ায় সাপ্তাহিক ছুটিতে সাধারণত শতভাগ অগ্রিম বুকিং থাকে। কিন্তু আজ তিনটি কক্ষের বুকিং বাতিল হয়েছে। খুলনা থেকে নিয়মিত আসা একদল পর্যটক সকালে ফোন করে বুকিং বাতিল করেছেন। একইভাবে মাদারীপুর থেকে আসার কথা ছিল একটি গ্রুপও দুটি কক্ষের বুকিং বাতিল করেছে। আবহাওয়া স্বাভাবিক না হলে আরও বুকিং বাতিল হওয়ার আশঙ্কা রয়েছে। হোটেল খান প্যালেসের ব্যবস্থাপক খান মো. রাসেল বলেন, হোটেলে এখন পর্যন্ত কোনো বুকিং বাতিল হয়নি। তবে শুক্রবার সাধারণত ৫০ থেকে ৬০ শতাংশ কক্ষ বুকিং থাকে। কিন্তু বৈরী আবহাওয়ার কারণে এবার বুকিং হয়েছে মাত্র ৩০ শতাংশ। আবহাওয়া ভালো থাকলে আরও অনেক পর্যটক আসতেন। সৈকতের কফি বিক্রেতা সজিব বলেন, বৃহস্পতিবার ও শুক্রবার সাধারণত ভালো বিক্রি হয়। কিন্তু সারাদিন বৃষ্টির কারণে মানুষ সৈকতে নামছে না। সকাল থেকে খুব অল্প কয়েকজন ক্রেতা পেয়েছি। বিক্রি নেই বললেই চলে। বৃহস্পতিবার কুয়াকাটা সমুদ্রসৈকত ঘুরে দেখা যায়, পর্যটক না থাকায় অটোরিকশা চালক, ট্যুর গাইড, ট্যুর অপারেটর, সৈকতসংলগ্ন দোকানদার ও ভ্রাম্যমাণ ব্যবসায়ীরা অলস সময় পার করছেন। অনেকেই যাত্রী ও ক্রেতার অপেক্ষায় ঘণ্টার পর ঘণ্টা বসে থাকলেও মিলছে না কোনো সাড়া। ফলে দৈনিক আয়-রোজগার নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন তারা। পর্যটন সংশ্লিষ্ট ব্যবসায়ীরা জানান, কুয়াকাটার অর্থনীতি অনেকাংশেই পর্যটননির্ভর। বৈরী আবহাওয়া দীর্ঘস্থায়ী হলে শুধু হোটেল-মোটেল নয়, রেস্তোরাঁ, পরিবহন, ট্যুর গাইড, ফটোগ্রাফার, অটোরিকশা চালক ও সৈকতকেন্দ্রিক হাজারো ক্ষুদ্র ব্যবসায়ী আর্থিক ক্ষতির মুখে পড়বেন। তাদের প্রত্যাশা, দ্রুত আবহাওয়া স্বাভাবিক হলে আবারও পর্যটকদের পদচারণায় মুখর হয়ে উঠবে কুয়াকাটা সমুদ্রসৈকত। কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি এম এ মোতালেব শরীফ বলেন, টানা বৈরী আবহাওয়া, ভারী বৃষ্টিপাত এবং উত্তাল সমুদ্রের কারণে কুয়াকাটায় পর্যটকের আগমন আশঙ্কাজনকভাবে কমে গেছে। বর্তমানে হোটেল-মোটেলগুলোর কক্ষ দখলের হার মাত্র ১০ থেকে ১৫ শতাংশে নেমে এসেছে। অনেক পর্যটক আগে থেকেই কক্ষ বুকিং দিলেও প্রতিকূল আবহাওয়ার কারণে প্রায় ৩০ শতাংশ বুকিং বাতিল করেছেন। এতে হোটেল-মোটেল ব্যবসায়ীরা আর্থিকভাবে ক্ষতির মুখে পড়েছেন। শুধু হোটেল নয়, পর্যটকের ওপর নির্ভরশীল রেস্তোরাঁ, ট্যুর অপারেটর, ট্যুর গাইড, যানবাহন চালক, ক্ষুদ্র ব্যবসায়ী ও সৈকতকেন্দ্রিক অন্যান্য ব্যবসায়ীরাও কর্মহীন সময় পার করছেন। এখন সবাই আবহাওয়ার উন্নতির অপেক্ষায় রয়েছেন। পরিস্থিতি স্বাভাবিক হলে আবারও পর্যটকের আনাগোনা বাড়বে বলে আশা করছি। পটুয়াখালী জেলা আবহাওয়া কর্মকর্তা মাহবুবা সুখী বলেন, সুস্পষ্ট নিম্নচাপটি উত্তর-পশ্চিম মধ্যপ্রদেশ ও সংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে পরে উত্তর-পূর্ব দিকে সরে যেতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্য বিরাজ করছে। ফলে উত্তর বঙ্গোপসাগর, উপকূলীয় এলাকা এবং সমুদ্রবন্দরগুলোর ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। পাশাপাশি উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে অত্যন্ত সতর্কতার সঙ্গে চলাচলের পরামর্শ দেওয়া হয়েছে।

বঙ্গোপসাগরে নিখোঁজ জেলের

তালতলীর তপন জোমাদ্দারের মালিকানাধীন এফবি মহিমা নামের একটি মাছ ধরার ট্রলার। ট্রলারটিতে ১৩ জন জেলে ছিলেন। দুর্ঘটনার পর পাশের একটি ট্রলারের জেলেরা ১১ জনকে জীবিত উদ্ধার করলেও কালাম পাইকার ও শহিদ নামে দুই জেলে নিখোঁজ হন। ট্রলারের মালিক তপন জোমাদ্দার জানান, দুর্ঘটনার পর থেকেই সাগরে মাছ ধরতে যাওয়া বিভিন্ন ট্রলারের জেলেদের নিখোঁজ দুই জেলেকে খুঁজে বের করার অনুরোধ করা হয়। সবাই নিজ নিজ অবস্থান থেকে খোঁজ চালালেও তাদের কোনো সন্ধান পাওয়া যায়নি। পরে শনিবার দুপুরে কুয়াকাটার জেলেরা কালাম পাইকারের মরদেহ উদ্ধার করে বিষয়টি তাকে জানান। বাংলাদেশ মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, হাইরেরচর এলাকা থেকে উদ্ধার করা মরদেহ আইনি প্রক্রিয়া শেষে মহিপুর থানা পুলিশের মাধ্যমে স্বজনদের কাছে হস্তান্তর করা হবে। তিনি আরও জানান, নিখোঁজ আরেক জেলে শহিদের সন্ধানে ট্রলার মালিক সমিতি, কোস্টগার্ড ও নৌবাহিনীর সদস্যরা এখনো উদ্ধার কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।

শিক্ষকের রহস্যজনক মৃত্যু, স্বামীর

রাতে পরিবারের সদস্যরা ঘরের ভেতরে সিলিং ফ্যানের সঙ্গে গলায় ফাঁস লাগানো অবস্থায় দীপা রানী দাসকে ঝুলতে দেখেন। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। নিহত দীপা রানী দাস মধ্য রনগোপালদী গ্রামের শুভ্র সূচি দাসের স্ত্রী। তিনি গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার হিজলবাড়ি গ্রামের প্রয়াত যোগেশ চন্দ্র দাসের মেয়ে এবং গলাচিপার উলানিয়া হাট স্কুল অ্যান্ড কলেজের 'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ের সহকারী শিক্ষক ছিলেন। উলানিয়া হাট স্কুল অ্যান্ড কলেজের একাধিক শিক্ষক জানান, দীপা রানী দাস দীর্ঘদিন ধরে স্বামীর নির্যাতনের শিকার ছিলেন। তাদের দাবি, প্রাণনাশের আশঙ্কায় তিনি একসময় প্রায় এক বছর উলানিয়ায় বাসা ভাড়া করে আলাদাভাবে বসবাস করেছিলেন। পরে তার স্বামী নানা প্রতিশ্রুতি দিয়ে তাকে আবার বাড়িতে নিয়ে যান। সহকর্মীদের অভিযোগ, স্বামী-স্ত্রীর বিরোধ মীমাংসার জন্য তারা অন্তত দুবার পারিবারিকভাবে বসেছিলেন, কিন্তু তাতেও পরিস্থিতির কোনো উন্নতি হয়নি। দীপা রানী দাস নিরাপত্তার স্বার্থে পটুয়াখালী পুলিশ সুপারের কার্যালয় ও সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরিও (জিডি) করেছিলেন। এছাড়া তার স্বামীর কাছ থেকে ভবিষ্যতে আর নির্যাতন করবেন না মর্মে পুলিশের মাধ্যমে একটি মুচলেকাও নেওয়া হয়েছিল বলে শিক্ষকরা জানান। তারা আরও অভিযোগ করেন, প্রায় দুই বছর আগে দীপার জীবন চরম হুমকির মুখে পড়লে তিনি থানায় ফোন করেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে উদ্ধার করেছিল। দীপা রানী দাসের মৃত্যুতে শোকাহত সহকর্মীরা বলেন, তিনি ছিলেন অত্যন্ত দৃঢ়চেতা একজন মানুষ। তার পক্ষে এভাবে আত্মহত্যা করা কোনোভাবেই স্বাভাবিক মনে হচ্ছে না। এটি আত্মহত্যা নাকি পরিকল্পিত কোনো ঘটনা- তা নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে উদঘাটন করা উচিত। তারা দ্রুত ঘটনার প্রকৃত সত্য উদঘাটন করে দায়ীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। তবে নিহতের স্বামী শুভ্র সূচি দাস নির্যাতনের অভিযোগ অস্বীকার করে বলেন, এসব ঘটনা তিন বছর আগের। এখন সেগুলো টেনে আনার কোনো মানে হয় না। আমার স্ত্রী কেন আত্মহত্যা করেছেন, তা আমি জানি না। এ বিষয়ে দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আতিকুল রহমান বলেন, শিক্ষকের মৃত্যুর ঘটনায় থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়ের করা হয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন ও তদন্তের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঝালকাঠি-রাজাপুর মহাসড়কে

মোটরসাইকেল ও ইজিবাইক চালকদের দুর্ঘটনার ঝুঁকি বেড়েছে। ওই রুটের বাসচালক মিরাজ জানান, পদ্মা সেতু চালুর পর দ্রুত সময়ে যাত্রীদের গন্তব্যে পৌঁছে দিতে হয়। গত বছর বর্ষা মৌসুমে সড়কটি চরম বেহাল অবস্থায় পরিণত হয়েছিল। পরে শুকনো মৌসুমে কোটি টাকা ব্যয়ে কার্পেটিং করা হয়। কিন্তু ছয় দিনের বৃষ্টিতেই সড়কে আবার গর্ত তৈরি হতে শুরু করেছে। এতে যানবাহন চলাচলে বেগ পেতে হচ্ছে। হঠাৎ হঠাৎ গাড়ির যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। খানাখন্দ থাকায় সবচেয়ে বেশি ঝুঁকি নিয়ে চলাচল করছে তিন চাকার ছোট যানবাহন। ইজিবাইকচালক মামুন জানান, সড়কে ছোট-বড় গর্তের সৃষ্টি হওয়ায় যান চলাচলে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। বিশেষ করে রাতে খানাখন্দে গাড়ির চাকা আটকে যায়। ফলে স্বাভাবিকভাবে গাড়ি চালানো যায় না। স্থানীয় বাসিন্দারা জানান, বৃষ্টি শুরু হওয়ার পরপরই এমন অবস্থার সৃষ্টি হয়েছে। সড়কে অসংখ্য ছোট-বড় গর্ত তৈরি হয়েছে। তাঁরা দ্রুত সড়কটি সংস্কারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর উদ্যোগ কামনা করেন। খানাখন্দে জমে থাকা কর্দমাক্ত পানি ছিটকে শিক্ষার্থীসহ পথচারীদেরও দুর্ভোগ বাড়াচ্ছে। সড়ক ও জনপথ (সওজ) সূত্রে জানা গেছে, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে যাতায়াতের অন্যতম গুরুত্বপূর্ণ সড়ক এটি। প্রতিদিন এ সড়ক দিয়ে কয়েক হাজার যানবাহন চলাচল করে। অতিরিক্ত যানবাহনের চাপের কারণে সড়কের অবস্থা দিন দিন খারাপ হচ্ছে। এতে যাত্রী ও চালকদের দুর্ভোগ বাড়ছে। ঝালকাঠি সড়ক ও জনপথ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মো. আল-আমীন জানান, রাজাপুর-ভান্ডারিয়া সীমান্তের কানুদাসকাঠি থেকে রাজাপুরের উত্তর পিংড়ি পর্যন্ত ১৮ কিলোমিটার সড়কে কার্পেটিং করা হয়েছিল। কানুদাসকাঠি থেকে রাজাপুর পর্যন্ত কোথাও কোনো সমস্যা হয়নি। তবে রাজাপুর থেকে উত্তর পিংড়ি পর্যন্ত সড়কের পাশে গরুর বিচরণের কারণে গোবরের প্রভাবে রাস্তার ওপর যে ক্ষতি হয়েছে, তা বৃষ্টির সময় দৃশ্যমান হয়েছে। আর গাবখান ব্রিজের ওপরের গর্ত পুরোনো সমস্যা। বৃষ্টি কমলে প্রয়োজনীয় সংস্কারকাজ করে সমস্যার সমাধান করা হবে।

২০ জুলাইয়ের মধ্যে পাওনা

সমাবেশে সভাপতিত্ব করেন অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার লিমিটেড শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি সেলিম সরদার। বক্তব্য দেন বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) বরিশাল জেলা সমন্বয়ক ডা. মনীষা চক্রবর্তী, শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক পাভেল হাওলাদার এবং সহকারী সাধারণ সম্পাদক মো. শাকিল হাওলাদার। এ সময় শ্রমিকদের আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে বক্তব্য দেন সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট বরিশাল জেলা শাখার ক্রীড়া সম্পাদক গাজী মোহাম্মদ বেল্লাল হোসেন, সোনারগাঁও টেক্সটাইল শ্রমিক ইউনিয়নের সহসভাপতি ইমরান খান, সাধারণ সম্পাদক মোশারফ হোসেন, মেডিমেট ফার্মাসিউটিক্যাল শ্রমিক ইউনিয়নের সভাপতি সোনিয়া আক্তারসহ বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতারা। বক্তারা বলেন, কারখানা বন্ধ হওয়ার পর টানা এক মাস ধরে প্রায় ৫ শতাধিক শ্রমিক কর্মস্থলে অবস্থান কর্মসূচি পালন করছেন। কিন্তু দীর্ঘদিন পেরিয়ে গেলেও তাদের বকেয়া বেতন ও অন্যান্য পাওনা পরিশোধ করা হয়নি। এতে শ্রমিক ও তাদের পরিবার চরম আর্থিক সংকটে পড়েছেন। অনেকের সংসার চালানো, সন্তানের পড়াশোনা এবং নিত্যপ্রয়োজনীয় খরচ মেটানো কঠিন হয়ে পড়েছে। তারা অভিযোগ করেন, শ্রমিকদের ন্যায্য পাওনা আদায়ে বারবার দাবি জানানো হলেও এখন পর্যন্ত কার্যকর কোনো উদ্যোগ চোখে পড়েনি। ফলে শ্রমিকদের মধ্যে হতাশা ও ক্ষোভ দিন দিন বাড়ছে। সমাবেশে নেতারা জানান, মালিকপক্ষ আগামী ১৫ জুলাইয়ের মধ্যে বকেয়া বেতন এবং ২০ জুলাইয়ের মধ্যে শ্রমিকদের সব ধরনের পাওনা পরিশোধের আশ্বাস দিয়েছে। তারা বলেন, নির্ধারিত সময়ের মধ্যে এ প্রতিশ্রুতি বাস্তবায়ন না হলে শ্রমিকরা আরও কঠোর কর্মসূচিতে যেতে বাধ্য হবেন। বক্তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, আগামী ২০ জুলাইয়ের মধ্যে শ্রমিকদের সব পাওনা পরিশোধ না করা হলে ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধসহ বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে। এ পরিস্থিতির দায় মালিকপক্ষকেই বহন করতে হবে। সমাবেশ থেকে দ্রুত শ্রমিকদের বকেয়া বেতন ও অন্যান্য পাওনা পরিশোধ, অলিম্পিক সিমেন্ট কারখানা পুনরায় চালু এবং শ্রমিকদের চাকরির নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের সংশ্লিষ্ট দপ্তর, জেলা প্রশাসন ও কারখানা কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করা হয়। একই সঙ্গে শ্রমিকদের ন্যায্য দাবি আদায়ের আন্দোলনে বরিশালবাসীসহ সব শ্রেণি-পেশার মানুষের সমর্থন ও সহযোগিতা কামনা করেন বক্তারা।

সন্তানকে নিয়ে নদীতে ঝাঁপ

সাবেক স্ত্রী। প্রত্যক্ষদর্শীরা জানান, লাকি আক্তার তার পাঁচ বছর বয়সী কন্যা সন্তানকে নিয়ে ফেরিঘাট এলাকা থেকে সুগন্ধা নদীতে ঝাঁপ দেন। বিষয়টি দেখতে পেয়ে আশপাশের লোকজন দ্রুত নদীতে নেমে উদ্ধার অভিযান চালান। পরে মা ও শিশুকে জীবিত উদ্ধার করে তাদের প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হয়। লাকি আক্তার জানান, বিয়ের পর থেকেই স্বামীর সঙ্গে তার পারিবারিক কলহ চলছিল। কিছুদিন আগে তিনি স্বামীকে তালাক দেন। এরপর তার মেয়েকে নিজের কাছ থেকে নিয়ে যাওয়ার জন্য বিভিন্নভাবে চাপ দেওয়া হচ্ছিল। এসব কারণে মানসিকভাবে ভেঙে পড়ে তিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন। এ বিষয়ে সাইদুল ইসলামের কোনো বক্তব্য পাওয়া যায়নি। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তৌহিদুজ্জান বলেন, ঘটনার বিষয়ে পুলিশ অবগত রয়েছে এবং বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। মা ও শিশু বর্তমানে নিরাপদ রয়েছেন। পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

টানা বর্ষণে তলিয়ে গেছে

ক্ষতিগ্রস্ত হয়েছে। স্থানীয়রা জানায়, টানা বর্ষণ ও জলাবদ্ধতায় স্বাভাবিক জীবনযাত্রা কার্যত অচল হয়ে পড়েছে। অনেক পরিবার ঘরবন্দি হয়ে পড়েছে। দিনমজুর, জেলে ও নিম্নআয়ের মানুষ কাজ করতে না পেরে চরম দুর্ভোগে রয়েছেন। অনেক এলাকায় রান্নাবান্না করতেও ভোগান্তি পোহাতে হচ্ছে। উপজেলা কৃষি কর্মকর্তা মো. নাজমুল হুদা জানান, দীর্ঘ সময় পানি জমে থাকায় ১ হাজার ২১০ হেক্টর জমির বিভিন্ন ধরনের শাকসবজি এবং ১৭০ হেক্টর জমির আমন ধানের বীজতলা ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে মাঠপর্যায়ে কাজ চলছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু বলেন, জলাবদ্ধতায় ২১৮ হেক্টর এলাকার ৩ হাজার ৬৭১টি ছোট-বড় মাছের খামার ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক ঘেরের মাছ পানিতে ভেসে যাওয়ায় খামারিরা বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়েছেন। দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়েছে উপজেলা প্রশাসন। গত বৃহস্পতিবার বেতুয়া থেকে হাজারীগঞ্জ পর্যন্ত বেড়িবাঁধের ঢালে বসবাসরত অসহায় ও ছিন্নমূল পরিবারের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা আফরোজ। তিনি দুর্গত মানুষের বাড়ি বাড়ি গিয়ে তাদের খোঁজখবর নেন এবং প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন। ইউএনও রুমানা আফরোজ বলেন, জলাবদ্ধতা নিরসন এবং পরিস্থিতি মোকাবিলায় সংশ্লিষ্ট দপ্তরগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। টানা বর্ষণের কারণে কর্মক্ষম মানুষ কাজ করতে না পারায় অনেক পরিবার খাদ্যসংকটে পড়েছে। তাই উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে চাল, ডাল, তেল, লবণ, চিনি এবং হলুদ, মরিচ ও জিরার গুঁড়া বিতরণ করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত প্রশাসনের সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

নেছারাবাদে স্বেচ্ছাশ্রমে ৪২

বলদিয়া'। ৪২ ফুট দৈর্ঘ্যের পুলটি পুনর্নির্মাণের মাধ্যমে সংগঠনটি তাদের ৭২তম জনকল্যাণমূলক কার্যক্রম সম্পন্ন করেছে। শুক্রবার দিনভর বৈরী আবহাওয়া ও টানা বৃষ্টির মধ্যেও সংগঠনটির সদস্যরা উপজেলার বলদিয়া ইউনিয়নের কাটাপিটানিয়া-লেবুবাড়ী সড়কের লেবুবাড়ী মন্দিরসংলগ্ন খালের ওপর থাকা ঝুঁকিপূর্ণ কাঠের পুলটি পুনর্নির্মাণ করেন। এতে কয়েকটি গ্রামের হাজারো মানুষের নিরাপদ চলাচলের পথ সুগম হয়েছে। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে পুলটির কাঠের পাটাতন নষ্ট হয়ে থাকলেও সংস্কারে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। ফলে প্রতিদিন জীবনের ঝুঁকি নিয়ে পুলটি ব্যবহার করতে হতো। সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়তেন শিক্ষার্থী, নারী, শিশু, বয়স্ক ব্যক্তি ও রোগীরা। স্থানীয় সাবেক শিক্ষক মো. এনামুল হক রতন বলেন, বলদিয়া ইউনিয়নে অবকাঠামোগত উন্নয়ন তুলনামূলক কম হয়েছে। এখন 'সবার আগে বলদিয়া' সংগঠনটি বিভিন্ন সামাজিক ও জনকল্যাণমূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সাবেক ইউপি সদস্য শুকলাল মিস্ত্রি বলেন, পুলটির অবস্থা এতটাই ঝুঁকিপূর্ণ ছিল যে ছোট ছোট শিক্ষার্থীসহ সাধারণ মানুষ প্রতিদিন মৃত্যুঝুঁকি নিয়ে চলাচল করতেন। কোনো যানবাহনও চলাচল করতে পারত না। নতুন পুল নির্মাণ হওয়ায় এলাকাবাসী স্বস্তি পেয়েছেন। স্থানীয় বাসিন্দা দীপেন চৌকিদার বলেন, পুলটি দীর্ঘদিন ধরে এলাকাবাসীর দুর্ভোগের কারণ ছিল। পারাপারের সময় প্রায়ই দুর্ঘটনা ঘটত। সবার আগে বলদিয়া শুধু এ পুলই নয়, ইউনিয়নের আরও কয়েকটি ঝুঁকিপূর্ণ পুল পুনর্নির্মাণ করেছে। তাদের এ উদ্যোগ প্রশংসার দাবিদার। সংগঠনের সাধারণ সম্পাদক মো. সাইফুল ইসলাম জানান, এটি তাঁদের সংগঠনের ৭২তম জনকল্যাণমূলক উদ্যোগ। তিনি বলেন, 'নেছারাবাদ উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা মরহুম ওয়াহিদুজ্জামান ওয়াহিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে পুলটি উৎসর্গ করা হয়েছে।' এলাকাবাসীর মতে, সরকারি সহায়তার অপেক্ষায় না থেকে স্বেচ্ছাশ্রম ও নিজস্ব অর্থায়নে এ ধরনের উদ্যোগ গ্রামীণ অবকাঠামো উন্নয়নে ইতিবাচক দৃষ্টান্ত স্থাপন করছে।

আগৈলঝাড়ায় দুই সাংবাদিকের

প্রতিনিধি সাইফুল ইসলামকে ২৩ নম্বর আসামি করা হয়েছে। মামলায় তাদের বিরুদ্ধে হামলাকারীদের প্ররোচনা দেওয়ার অভিযোগ আনা হয়েছে। এ ঘটনায় সকল সাংবাদিক নেতারা উদ্বেগ প্রকাশ করেছেন। এক বিবৃতিতে তারা বলেন, যদি সংশ্লিষ্ট দুই সাংবাদিক কেবল সংবাদ সংগ্রহের উদ্দেশ্যে ঘটনাস্থলে গিয়ে থাকেন, তবে বিষয়টি নিরপেক্ষভাবে তদন্ত করে প্রকৃত তথ্য যাচাই করা উচিত। তারা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করেন এবং তদন্তে সম্পৃক্ততা না পাওয়া গেলে সাংবাদিকদের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবি জানান। অভিযুক্ত সাংবাদিক এফ. এম. নাজমুল রিপন দাবি করেন, সম্প্রতি প্রকাশিত কয়েকটি সংবাদের জেরে তার বিরুদ্ধে একাধিক সাধারণ ডায়েরি হয়। অপর আসামি সাইফুল ইসলাম অভিযোগ করেন, উদ্দেশ্যপ্রনোধিত তাদের ষড়যন্ত্রমূলকভাবে মামলায় জড়ানো হয়েছে। তিনি আরও দাবি করেন, আমরা প্রশাসনের পাশে থেকে নিউজ দিয়ে সর্বোচ্চ সহযোগিতা করেছি। তারপরও আমাদের নামে মিথ্যা মামলা করা হয়েছে। অন্যদিকে আগৈলঝাড়া থানার ওসি মো. মাসুদ খান বলেন, ভিডিও ফুটেজ, প্রাথমিক তদন্ত এবং অন্যান্য তথ্য-প্রমাণের ভিত্তিতে হামলাকারী ও হামলায় উসকানিদাতাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তিনি জানান, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে একাধিক তদন্ত দল কাজ করছে। তদন্তে কেউ নির্দোষ প্রমাণিত হলে তাকে হয়রানি করা হবে না এবং প্রয়োজন হলে আইনানুগভাবে মামলা থেকে অব্যাহতির ব্যবস্থা করা হবে। প্রসঙ্গত, গত ৮ জুলাই রাতে একটি মামলার সন্দেহভাজন আসামি রিয়াজ ফকিরকে গ্রেপ্তার করে আগৈলঝাড়া থানা পুলিশ। পুলিশের ভাষ্য অনুযায়ী, থানা হাজতে তিনি নিজেই মাথায় আঘাত করে অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং পরবর্তীতে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরদিন রিয়াজ ফকির পুলিশের নির্যাতনে মারা গেছেন এমন গুজব এলাকায় ছড়িয়ে পড়লে উত্তেজিত স্বজন ও স্থানীয় লোকজন মিছিল নিয়ে থানায় প্রবেশ করেন। এ সময় হামলা, ভাঙচুর এবং কয়েকজন পুলিশ সদস্যকে মারধরের ঘটনা ঘটে। ঘটনার পর দায়ের করা মামলায় পুলিশ অভিযান চালিয়ে নারী-পুরুষসহ ১৮ জনকে গ্রেপ্তার করে। পরে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। এ ঘটনায় তদন্ত অব্যাহত রয়েছে। আগৈলঝাড়া প্রেসক্লাবের দুই সাংবাদিকের নামে মামলা দায়ের হওয়ায় শনিবার দুপুরে আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি মোঃ শামীমুল ইসলাম শামীমের সভাপতিত্বে প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের সাবেক সভাপতি সরদার হারুন রানা, কে এম আজাদ রহমান, সাবেক সাধারণ সম্পাদক প্রবীর বিশ্বাস ননী, সহ-সভাপতি এইচ এম মাসুম, সদস্য বরুন বাড়ৈ, মানিক হাওলাদার, স্বপন দাসসহ প্রমুখ।

ঝালকাঠিতে প্যানেলের ১ম প্রার্থী বাদ

ব্যক্তিদের উপস্থিতিতে সভাপতি পদের জন্য তিন সদস্যের একটি প্যানেল গঠন করা হয়। এতে তাকে প্রথম, মো. হাফিজুর রহমান পারভেজকে দ্বিতীয় এবং জহিরুল ইসলাম খান বাপ্পিকে তৃতীয় পছন্দ হিসেবে রেজুলেশনে অন্তর্ভুক্ত করা হয়। তাছাড়া আওয়ামী লীগের সাথে তার বেশ সখ্যতা রয়েছে। অহিদুজ্জামানের দাবি, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকের যাচাই-বাছাই শেষে কোনো পরিবর্তন ছাড়াই তালিকাটি মাধ্যমিক শিক্ষা বোর্ডে পাঠানো হয়। কিন্তু বোর্ড থেকে গত ৭ জুলাই দ্বিতীয় পছন্দের প্রার্থী হাফিজুর রহমান পারভেজকে সভাপতি হিসেবে মনোনয়ন দেওয়া হয়। এর পেছনে অনৈতিক প্রভাব ও আর্থিক লেনদেন কাজ করেছে বলে অভিযোগ করেন তিনি। তিনি আরও বলেন, বিদ্যালয়ের উন্নয়নে ব্যক্তিগতভাবে খেলার মাঠে বালু ভরাট, শিক্ষার্থীদের ইউনিফর্ম বিতরণ এবং শ্রেণিকক্ষে আলোর ব্যবস্থা করায় স্থানীয় নেতৃবৃন্দ ও উপস্থিত ব্যক্তিরা তাকে প্রথম পছন্দ হিসেবে মনোনীত করেছিলেন। এছাড়া হাফিজুর রহমান পারভেজ অতীতে বিএনপির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন না বলেও অভিযোগ করেন তিনি। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোখলেছুর রহমান বলেন, সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভুট্টোর সুপারিশে মো. হাফিজুর রহমান পারভেজকে সভাপতি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। অভিযোগের বিষয়ে মো. হাফিজুর রহমান পারভেজ বলেন, সভাপতি পদের জন্য তিনজনের একটি প্যানেল শিক্ষা বোর্ডে পাঠানো হয়েছিল। বোর্ড যাকে যোগ্য মনে করেছে, তাকেই সভাপতি হিসেবে মনোনীত করেছে। তিনি দাবি করেন, তিনি কখনো আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন না। বরং অভিযোগকারী মো. অহিদুজ্জামান (ওয়াহিদ) জামায়াতে ইসলামীর রাজনীতির সঙ্গে যুক্ত বলে দাবি করেন তিনি। এ বিষয়ে জানতে চাইলে ঝালকাঠি-২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা এলেন ভুট্টো বলেন, আমি দুজনের নামই সুপারিশ করেছি। এটি একটি অ্যাডহক কমিটি। নিয়মিত কমিটি গঠনের প্রক্রিয়া চলমান। সেখানে তিনি (অহিদুজ্জামান) থাকবেন। তবে স্থানীয়দের মধ্যে বেশিরভাগই পারভেজ সাহেবের পক্ষে মত দিয়েছেন বলে আমি জানতে পেরেছি। এ বিষয় নিয়ে সংবাদ সম্মেলন করার কী আছে?

‘১ হাজার মিসাইল প্রস্তুত’, ইরানকে নতুন হুঁশিয়ারি ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়ে জানিয়েছেন, তাকে হত্যা বা হত্যার চেষ্টা করা হলে ইরানের বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে ভয়াবহ সামরিক হামলা চালানো হবে। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে দেওয়া ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ১২ জুলাই ২০২৬ ॥ ২৭ আষাঢ় ১৪৩৩

জাতিসংঘে ইরানের পারমাণবিক কর্মসূচির বিরুদ্ধে বৈঠক, পাশে দাঁড়াল চীন-রাশিয়া

কীর্তনখোলা ডেস্ক
ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে পশ্চিমা দেশগুলোর উদ্যোগের বিরোধিতা করেছে রাশিয়া ও চীন। দেশ দুটির দাবি, ২০২৫ সালের অক্টোবরে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ২২৩১ নম্বর প্রস্তাবের ৩ এর পাতায় দেখুন

বৈরী আবহাওয়ায় কুয়াকাটায় পর্যটক খরা, বাতিল হয়েছে হোটেল বুকিং

কলাপাড়া প্রতিনিধি
টানা বৃষ্টি, ঝড়ো হাওয়া ও উত্তাল সমুদ্রের কারণে দেশের অন্যতম পর্যটন কেন্দ্র কুয়াকাটায় দেখা দিয়েছে পর্যটক খরা। বৈরী আবহাওয়ার প্রভাবে সাপ্তাহিক ছুটিকে ঘিরে পর্যটকের যে ঢল নামার কথা ছিল, তা দেখা যায়নি। এদিকে অনেক পর্যটক আগাম বুকিং বাতিল করায় বিপাকে পড়েছেন আবাসিক হোটেল-মোটেল মালিক, রেস্তোরাঁ ব্যবসায়ী, ট্যুর অপারেটর, ট্যুর গাইড, অটোরিকশা চালক ও সৈকতসংলগ্ন ক্ষুদ্র ব্যবসায়ীরা। গত কয়েকদিন ধরে কুয়াকাটার আকাশ মেঘাচ্ছন্ন। থেমে থেমে বৃষ্টির সঙ্গে বইছে দমকা হাওয়া। উত্তাল সমুদ্রের কারণে সৈকতে পর্যটকদের উপস্থিতি ছিল একেবারেই কম। যারা কুয়াকাটায় এসেছেন, তারাও অধিকাংশ সময় আবাসিক হোটেলের কক্ষেই অবস্থান করেছেন। ফলে সৈকতজুড়ে ছিল নির্জন পরিবেশ। সাপ্তাহিক ছুটির দিনে যেখানে সৈকতে হাজারো পর্যটকের পদচারণায় মুখর ৩ এর পাতায় দেখুন

উপকূলীয় বরগুনায় আবহাওয়া অফিস এখন সময়ের দাবি

বরগুনা প্রতিনিধি
প্রাকৃতিক দুর্যোগপ্রবণ উপকূলীয় জেলা বরগুনায় একটি পূর্ণাঙ্গ আবহাওয়া অফিস প্রতিষ্ঠার দাবি দীর্ঘ দিনের। বঙ্গোপসাগরের কোলঘেঁষা এই জেলার লাখো মানুষ, বিশেষ করে জেলে, কৃষক, ট্রলার মালিক ও উপকূলবাসী প্রতিনিয়ত ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাত, ভারী বৃষ্টি ও বৈরী আবহাওয়ার ঝুঁকি মোকাবেলা করছেন। অথচ এখনও বরগুনায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের কোনো পূর্ণাঙ্গ আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র নেই। স্থানীয়দের অভিযোগ, জেলার মানুষকে আবহাওয়ার তথ্যের জন্য বরিশাল, খেপুপাড়া কিংবা অন্যান্য জেলার তথ্যের ওপর নির্ভর করতে হয়। এতে অনেক সময় স্থানীয় বাস্তব পরিস্থিতির সঙ্গে পূর্বাভাসের অমিল দেখা দেয় ৩ এর পাতায় দেখুন

নকলের সুযোগ না পেয়ে কেন্দ্র ভাঙচুর কলেজ সভাপতিসহ আহত ১৫

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে নকলের সুযোগ না পেয়ে ভাঙচুর করা হয়েছে পরীক্ষাকেন্দ্র। শনিবার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরীক্ষা শেষে উপজেলার ফাতেমা মতিন মহিলা কলেজ কেন্দ্রের মূল ফটক ভাঙচুর করে চরফ্যাশন সরকারি কলেজের শতাধিক পরীক্ষার্থী। তারা কলেজ অধ্যক্ষের কক্ষের জানালার গ্লাস ভাঙচুর করে। এ সময় কলেজ সভাপতি ও শিক্ষক-কর্মচারীসহ ১০-১৫ জন আহত হন। পরে পুলিশ টিয়ারশেল নিক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংশ্লিষ্ট সূত্র জানায়, ওই কেন্দ্রে মোট ৮৮৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। ফাতেমা মতিন মহিলা কলেজের অধ্যক্ষ মহিউদ্দিন বাচ্চু বলেন, এমসিকিউ পরীক্ষার সময় কিছু পরীক্ষার্থী নকলের ৩ এর পাতায় দেখুন

বিয়ের দুই মাসের মাথায় যুক্তরাষ্ট্র প্রবাসীর স্ত্রীর মরদেহ উদ্ধার

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে বিয়ের মাত্র দুই মাসের মাথায় এক নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ঘটনাটি আত্মহত্যা নাকি অন্য কোনো কারণে মৃত্যু, তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ। শনিবার (১১ জুলাই) সকাল ১০টার দিকে বাউফল পৌরসভা ৪ নম্বর ওয়ার্ড দরবেশ আলী সড়কের একটি বাসা ৩ এর পাতায় দেখুন

শিক্ষকের রহস্যজনক মৃত্যু, স্বামীর বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনা উপজেলায় উলানিয়া হাট স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক দীপা রানী দাসের (৫১) ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (৯ জুলাই) রাত সাড়ে ১২টার দিকে দশমিনা উপজেলার রনগোপালদী ইউনিয়নের মধ্য রনগোপালদী গ্রামে এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গভীর ৩ এর পাতায় দেখুন

নিজ কন্যার অত্যাচার থেকে বাঁচতে বৃদ্ধ বাবার সংবাদ সম্মেলন

ভোলা প্রতিনিধি
ভোলা সদর উপজেলায় নিজ কন্যা সন্তানের অত্যাচার ও হয়রানি থেকে বাঁচতে সংবাদ সম্মেলন করছে প্রফেসর মোস্তাফিজুর রহমান নামের ৯০বছর বয়সী এক বৃদ্ধ। শুক্রবার (১০জুলাই) রাত ৮টায় ভোলা প্রেসক্লাবে নিজ কন্যা জুলিয়া রহমান বণ্যার বিরুদ্ধে এ সংবাদ সম্মেলন করেন। তবে সংবাদ সম্মেলন শেষে অভিযুক্ত জুলিয়া রহমান এসে তাকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। এ সময় তার সৎ ভাইদের সাথে কথা কাটাকাটি ও উত্তপ্ত বাক্য বিনিময় হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন তার ছোট ছেলে রেজবাহ উদ্দিন স্বপন। লিখিত বক্তব্যে মোস্তাফিজুর রহমান জানান, তিনি প্রাক্তন প্রফেসর। তার নিজ কন্যা সন্তানের অত্যাচারে জীবনের শেষ প্রান্তে এসে অসহায় ৩ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে নিখোঁজ জেলের মরদেহ মিললো ৪ দিন পর

পটুয়াখালী প্রতিনিধি
বঙ্গোপসাগরে ট্রলারডুবির ঘটনায় নিখোঁজ থাকার চার দিন পর কালাম পাইকার নামে এক জেলের মরদেহ উদ্ধার করা হয়েছে। শনিবার দুপুরে বঙ্গোপসাগরের হাইরেরচর এলাকা থেকে কুয়াকাটার জেলেরা তার ভাসমান মরদেহ উদ্ধার করেন। মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী। জানা গেছে, গত মঙ্গলবার রাত ৩টার দিকে বরগুনার তালতলী উপকূল থেকে প্রায় ৬০ কিলোমিটার দক্ষিণে বঙ্গোপসাগরে দুর্ঘটনার কবলে পড়ে ৩ এর পাতায় দেখুন

টানা বর্ষণে তলিয়ে গেছে ফসল-ঘের, পানিবন্দি হাজারো মানুষ

চরফ্যাশন প্রতিনিধি
টানা কয়েক দিনের ভারী বর্ষণ ও জোয়ারের পানিতে ভোলার চরফ্যাশন উপজেলার বিস্তীর্ণ জনপদ জলমগ্ন হয়ে পড়েছে। তলিয়ে গেছে ফসলি জমি, মাছের ঘের, বসতভিটা, খামার, খাল-বিল ও পুকুর। মেঘনা ও তেঁতুলিয়া নদীর তীরবর্তী বিভিন্ন এলাকায় সৃষ্টি হয়েছে তীব্র জলাবদ্ধতা। এতে পানিবন্দি হয়ে মানবেতর জীবনযাপন করছেন কয়েক হাজার মানুষ। একই সঙ্গে উত্তাল নদীর ঢেউ উপকূলীয় বেড়িবাঁধে আঘাত হানায় ভাঙনের আশঙ্কায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে স্থানীয়দের মধ্যে। সরেজমিন দেখা গেছে, টানা বৃষ্টি ও জোয়ারের পানিতে উপজেলার চরমানিকা, চরমাদ্রাজ, আসলামপুর, জাহানপুর, হাজারীগঞ্জ, নীলকমলের বাংলাবাজার, ঘোষেরহাট, নজরুলনগরসহ বিচ্ছিন্ন দ্বীপাঞ্চল ঢালচর, কুকরি-মুকরি, চরপাতিলা ও চর নিজাম এলাকা প্লাবিত হয়েছে। নিচু এলাকার বসতভিটা, কৃষিজমি, মাছের ঘের, খাল-বিল ও পুকুর পানির নিচে তলিয়ে গেছে। বিভিন্ন ইউনিয়নের স্লুইসগেট বন্ধ থাকায় বৃষ্টির পানি দ্রুত নামতে না পেরে জলাবদ্ধতা আরও তীব্র আকার ধারণ করেছে। এতে অনেক গবাদিপশু ও হাঁস-মুরগির খামারও ৩ এর পাতায় দেখুন

সন্তানকে নিয়ে নদীতে ঝাঁপ জীবিত উদ্ধার মা-শিশু

নলছিটি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটিতে পাঁচ বছরের কন্যা সন্তানকে সঙ্গে নিয়ে সুগন্ধা নদীতে ঝাঁপ দিয়েছেন এক মা। তবে স্থানীয়দের তাৎক্ষণিক তৎপরতায় মা ও শিশুকে জীবিত উদ্ধার করা হয়েছে। শুক্রবার (১০ জুলাই) রাত সাড়ে ৯টার দিকে নলছিটি ফেরিঘাট এলাকায় এ ঘটনা ঘটে। উদ্ধার হওয়া নারীর নাম লাকি আক্তার। তিনি নলছিটি শহরের আদম আলীর ছেলে সাইদুল ইসলামের ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে সেতু নির্মাণে ব্যাপক অনিয়মের অভিযোগ

সুদেব মালাকার, রাজাপুর
ঝালকাঠির রাজাপুর উপজেলার মঠবাড়ী ইউনিয়নের ডহরশংকর এলাকায় নির্মাণাধীন একটি সেতুর কাজে ব্যাপক অনিয়ম ও নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে। অভিযোগের সত্যতা যাচাই ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপের দাবিতে শুক্রবার সকালে নির্মাণকাজ বন্ধ করে দেন স্থানীয়রা। স্থানীয় যুবদল নেতা আহমেদ মিঠু, হাবীব হাওলাদার, মামুন হাওলাদার, কাঞ্চন হাওলাদার জানান সরকারি অর্থে নির্মিতব্য সেতুর কাজে শুরু থেকেই নানা অনিয়ম চলছে। নকশা ও প্রকৌশলগত মানদণ্ড ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে প্যানেলের ১ম প্রার্থী বাদ এমপির সুপারিশে ২য় জন সভাপতি

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটি উপজেলার রায়পুর সৈয়দ আবদুল লতিফ মাধ্যমিক বিদ্যালয়ের অ্যাডহক কমিটির সভাপতি নিয়োগে ঝালকাঠি-২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভুট্টোর সুপারিশে প্যানেলের ২য় অবস্থানে থাকা প্রার্থী মো. হাফিজুর রহমান পারভেজকে নিয়োগ দেওয়া হয়েছে। এ নিয়োগে অনিয়ম ও আর্থিক লেনদেনের অভিযোগ তুলে শনিবার (১১ জুলাই) ঝালকাঠি প্রেসক্লাবের কাজী খলিলুর রহমান মিলনায়তনে সংবাদ সম্মেলন করেছেন সভাপতি পদে প্যানেলের ১ম অবস্থানে থাকা প্রার্থী মো. অহিদুজ্জামান (ওয়াহিদ)। লিখিত বক্তব্যে অহিদুজ্জামান বলেন, গত ২১ মে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোখলেছুর রহমানের সভাপতিত্বে স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ, অভিভাবক, শিক্ষক প্রতিনিধি ও গণ্যমান্য ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় দুই সাংবাদিকের বিরুদ্ধে মামলা দেয়ায় ক্ষোভ

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া থানায় হামলা ও পুলিশ সদস্যদের ওপর হামলার ঘটনায় দায়ের করা মামলায় আগৈলঝাড়া প্রেসক্লাবের দুই সাংবাদিকে আসামি করায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে আগৈলঝাড়া প্রেসক্লাবের সাংবাদিকবৃন্দ। ঘটনার নিরপেক্ষ তদন্ত এবং সংবাদ সংগ্রহে যাওয়া সাংবাদিকদের হয়রানি না করার আহ্বান জানিয়েছে সাংবাদিকরা। পুলিশ সূত্রে জানা গেছে, আলোচিত এ ঘটনায় ৪৩ জনের নাম উল্লেখ করে একটি মামলা দায়ের করা হয়েছে। মামলায় আগৈলঝাড়া প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও বাংলা টিভির প্রতিনিধি এফ. এম. নাজমুল রিপনকে ২১ নম্বর এবং প্রেসক্লাবের সাবেক সভাপতি ও যুগান্তরের ৩ এর পাতায় দেখুন

গাবখান চ্যানেলে ২য় সেতু নির্মাণের সম্ভাবনা যাচাইয়ে সেতু সচিব

কাউখালী প্রতিনিধি
যোগাযোগ ব্যবস্থা আরও সহজ ও আধুনিক করতে পিরোজপুরের কাউখালী উপজেলার আমরাজুড়ি ফেরিঘাট এলাকার গাবখান চ্যানেলের ওপর প্রস্তাবিত দ্বিতীয় সেতু নির্মাণের সম্ভাবনা যাচাইয়ে স্থান পরিদর্শন করেছে বাংলাদেশ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের সচিব মোহাম্মদ আবদুর রউফ। শনিবার (১১ জুলাই) বেলা সাড়ে ১১ টার দিকে সেতুর সম্ভাব্য ২ এর পাতায় দেখুন

নেছারাবাদে স্বেচ্ছাশ্রমে ৪২ ফুটের কাঠের পুল পুনঃনির্মাণ

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলার বলদিয়া ইউনিয়নে স্বেচ্ছাশ্রম ও নিজস্ব অর্থায়নে একটি জরাজীর্ণ কাঠের পুল পুনর্নির্মান করেছে স্বেচ্ছাসেবী সংগঠন ‘সবার আগে ৩ এর পাতায় দেখুন

বৃষ্টিতেই নষ্ট কোটি টাকার কার্পেটিং ঝালকাঠি-রাজাপুর মহাসড়কে শতাধিক গর্ত

রাজাপুর প্রতিনিধি
খুলনা-বরিশাল আঞ্চলিক মহাসড়কের ঝালকাঠি-রাজাপুর অংশে ছয় দিনের বৃষ্টিতেই উঠে যাচ্ছে পিচঢালা কার্পেটিং। সড়কের বিভিন্ন স্থানে শতাধিক গর্তের সৃষ্টি হওয়ায় যান চলাচলে বিঘ্ন ঘটছে এবং জনদুর্ভোগ চরমে পৌঁছেছে। সড়কের বিভিন্ন স্থানে পিচ উঠে যাওয়ায় ছোট-বড় অসংখ্য খানাখন্দ তৈরি হয়েছে। টানা ছয় দিনের বৃষ্টিতে এসব গর্তে পানি জমে যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। খানাখন্দ মাড়িয়ে প্রতিদিন চলাচলকারী স্থানীয় বাসিন্দারা চরম ভোগান্তিতে পড়ছেন। ভাঙা অংশ দিয়ে ঝুঁকিপূর্ণভাবে যানবাহন চলাচল করায় প্রতিনিয়ত ছোট-বড় দুর্ঘটনাও ঘটছে। সরেজমিনে দেখা গেছে, রাজাপুর উপজেলার বাগড়ি বাজার এলাকা থেকে ঝালকাঠির বরিশাল প্রান্তের কালিজিরা ব্রিজ পর্যন্ত ২৬ দশমিক ৫ কিলোমিটার সড়কের বিভিন্ন স্থানে পিচ উঠে গিয়ে ছোট-বড় গর্তের সৃষ্টি হয়েছে। এতে বিশেষ করে ৩ এর পাতায় দেখুন

২০ জুলাইয়ের মধ্যে পাওনা না দিলে বরিশাল ব্লকেড

কীর্তনখোলা রিপোর্ট
কারখানা বন্ধের এক মাস পেরিয়ে গেলেও বকেয়া বেতন ও অন্যান্য পাওনা পরিশোধ না হওয়ায় ক্ষোভে ফুঁসছে বরিশালের অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার লিমিটেডের শ্রমিকরা। বকেয়া বেতন-ভাতা, অন্যান্য পাওনা পরিশোধ, কারখানা পুনরায় চালু এবং চাকরির নিশ্চয়তার দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন তারা। শনিবার (১১ জুলাই) সকাল ১০টায় কারখানার প্রধান ফটকের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের করেন শ্রমিকরা। মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে রুপাতলি এলাকায় গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত সমাবেশে শ্রমিক নেতারা তাদের দাবি তুলে ধরে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com